রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট

## প্রজ্ঞাপন

তারিখ, ২৮ শ্রাবণ ১৪১৬ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০০৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৩-আইন/২০০৯।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৪ এর উপ-বিধি (১০) এ উল্লিখিত "নন গ্রহণযোগ্য" শব্দগুলির পরিবর্তে "অগ্রহণযোগ্য (non-responsive)" শব্দগুলি এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২। বিধি ৫ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "তাহা হইলে" শব্দগুলির পরিবর্তে "সেইক্ষেত্রে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৩। বিধি ৭ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি যথাক্রমে (২) এবং (৩) সংযোজিত হইবে, যথা ঃ—

"(২) উন্মুক্তকরণ কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের নিমিত্ত মূল্যায়ন কমিটির সদস্যদের ন্যায় নির্ধারিত হারে উন্মুক্তকরণ কমিটির সদস্যদের ফি বা সম্মানী প্রদান করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন উন্মুক্তকরণ কমিটির সদস্যগণকে ফি বা সম্মানী প্রদানের জন্য উন্নয়ন ও রাজস্ব বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখিতে হইবে।";

৪। বিধি ৮ এর---

(ক) উপ-বিধি (১১) এর দফা (ক) তে উল্লিখিত "বা যদিও সে;" শব্দগুলি এবং সেমিকোলনের পরিবর্তে ";বা" সেমিকোলন এবং শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১৬) তে উল্লিখিত "উপ-ধারা" শব্দের পরিবর্তে "উপ-বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (১৮) তে উল্লিখিত "উপ-ধারা" শব্দের পরিবর্তে "উপ-বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৫। বিধি ২০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "ধারা" শব্দটির পরিবর্তে "বিধি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

৬। বিধি ২২ এর উপ-বিধি (১) এর শেষে "দাঁড়ি" এর পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ একটি নূতন শর্ত সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, তফসিল-২ এ উল্লিখিত মূল্যসীমা পর্যন্ত কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্রের সহিত জামানত হিসাবে বাংলাদেশের কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।";

৭। বিধি ২৬ এর উপ-বিধি (২), (৩) এবং (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২), (৩) এবং (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের অব্যবহিত পরে অগ্রহণযোগ্য দরপত্রসমূহের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, ফেরত দিতে হইবে।

(৩) ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর মূল্যায়িত গ্রহণযোগ্য ১ম, ২য় এবং ৩য় সর্বনিম্ন দরপত্রের জামানত ব্যতীত অন্যান্য মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রদাতাদের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, তাহাদের আবেদনের প্রেক্ষিতে, ফেরত দেওয়া যাইবে।

(৪) সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রের দরপত্রদাতার সহিত চুক্তিস্বাক্ষরের পরেই কেবল অবশিষ্ট দরপত্রসমূহের দরপত্র জামানত ফেরত দেওয়া যাইবে, তবে সকল ক্ষেত্রেই দরপত্র জামানত বৈধতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই ফেরত দিতে হইবে।";

৮। বিধি ২৭ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ-

"(১) কৃতকার্য দরপত্রদাতাকে তফসিল-২ এ বর্ণিত হার অনুসরণক্রমে দরপত্র ডাটা শীট (tender data sheet) এ নির্দিষ্টকৃত হারে কার্য সম্পাদন জামানত প্রদান করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, তফসিল ২ এর বিধি ২৮ এর উপ-বিধি (৩) এর বিপরীতে উল্লিখিত কার্য ও ভৌত সেবাক্রয় চুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থ (Retention Money) কার্য-সম্পাদন জামানত হিসাবে গণ্য হইবে।

আরো শর্ত থাকে যে, সরকারের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা সরকারি, স্বায়ত্তশাসিত, বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হইতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত গ্রহণের পরিবর্তে তফসিল-২ এ বর্ণিত হারে পরিশোধযোগ্য বিল থেকে, নিরাপত্তা জামানত হিসাবে নির্দিষ্ট পরিমাণ অর্থ কর্তন করা যাইবে এবং পরবর্তীতে দরপত্র দলিল এ বর্ণিত শর্ত মোতাবেক উহা সংরক্ষণ এবং ফেরত প্রদান করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "ফ্রন্ট লোডিং এর কারণে" শব্দগুলির পরে "বা দাপ্তরিক প্রাক্কলিত মূল্য থেকে উল্লেখযোগ্য কম পরিমাণে দরপত্র মূল্য উদ্ধৃত করার ফলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-২ অনুসারে" শব্দগুলি ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(ঘ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "রক্ষণযোগ্য অর্থ জমা রাখিবার বিষয়টি প্রযোজ্য হইলে," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে।

৯। বিধি ২৮ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "বিধি ৩৮ (২৯)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৩৯ (২৯)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

১০। বিধি ৩৬ এর উপ-বিধি (৩) এর—

(ক) দফা (ক) এর উপ-দফা (৩)(আ) তে উল্লিখিত "ক্রয় প্রস্তাবের বিষয়ে" শব্দগুলির পর "তফসিল-১৪ অনুসারে (নমুনা ছক)" শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনী সন্নিবেশিত হইবে;

(খ) দফা (খ) এর উপ-দফা (৪)(ক) তে উল্লিখিত "আপীল বিবেচনাধীন থাকিলে" শব্দগুলির পরিবর্তে "আপীল বিবেচনাধীন না থাকিলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২২। তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল-১

[বিধি ৪(১) দ্রঃ]

পণ্য, কার্য, সেবা, ইত্যাদি ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা

পণ্য ও সংশ্লিষ্ট সেবা

| | | |
|---|---|---|
| পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে-পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) |
| পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |
| পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ এর উর্দ্ধে যে কোন মূল্যমানের) |
| পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) ( যে কোন মূল্যমানের) |
| পিজি ৫এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য TD) [ "টার্নকি চুক্তির আওতায়" এক পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে ( যে কোন মূল্যমানের)] |
| পিজি ৫বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্নকি চুক্তির আওতায়" দুই পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)] |
| পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) ( যে কোন মূল্যমানের) |
| পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির উর্ধ্বে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরী (custom designed equipment) (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (PQG) |
| এসএএফই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-A) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |

১৮। বিধি ৬৯ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "নিজস্ব ওয়ার্কসপে" শব্দগুলির পরিবর্তে "নিজস্ব ওয়ার্কশপের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৯। বিধি ৭২ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "মধ্যে" শব্দের পর "কমপক্ষে" শব্দ সন্নিবেশিত হইবে;

২০। বিধি ৭৩ এর—

(ক) উপ-বিধি (২) এর শর্তাংশে উল্লিখিত "কারিগরী মূল্যায়ন কমিটি" শব্দগুলির পরিবর্তে "দরপত্র মূল্যায়ন কমিটি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "প্রয়োজনীয় সংখ্যক" শব্দগুলির পরিবর্তে "কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২১। বিধি ৭৪ এর উপ-বিধি (৩) এর শেষে "দাঁড়ির" পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

"তবে শর্ত থাকে যে, বিধি ৮১ এবং বিধি ৮২ এ বর্ণিত ক্রয় পদ্ধতির ক্ষেত্রে বাজেট বরাদ্দ এবং বাজেট বিভাজন অনুমোদন সাপেক্ষে, ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।";

২২। বিধি ৭৬ এর—

(ক) উপ-বিধি (১) এর দফা (চ) তে উল্লিখিত "মূল্যে সরাসরি" শব্দগুলির পরিবর্তে "মূল্যে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "তফসিল-২এ" শব্দগুলি ও সংখ্যার পর "বিধি-৭৬(১) এর বিপরীতে" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনী সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৩) দারিদ্র নিরসনের লক্ষ্য সম্বলিত অনুমোদিত প্রকল্পের প্রকল্প দলিলে বা কর্মসূচীতে অথবা অন্য কোন অনুমোদিত প্রকল্প দলিল বা কর্মসূচীতে, সংস্থান থাকা সাপেক্ষে, প্রকল্পের বা কর্মসূচীর পরিচালন ম্যানুয়াল (operational manual) অনুসরণক্রমে প্রকল্পের বা কর্মসূচীর সুবিধাভোগী সংগঠন, ভূমিহীন জনগোষ্ঠী অথবা গ্রামীণ সংগঠনের সহিত ক্রয়কারী সরাসরি চুক্তি সম্পাদন করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, প্রকল্প বা কর্মসূচী বাস্তবায়ন কমিটি উক্ত ম্যানুয়াল অনুসরণে ক্ষুদ্র কার্য, আনুষঙ্গিক মালামাল অথবা সরাসরি শ্রম ক্রয় করিবে।";

২৩। বিধি ৭৯ এর উপ-বিধি (২) এর দফা (খ) তে উল্লিখিত "৭৪(৫)" সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "৭৪(৪)" সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২৪। বিধি ৮০ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "তফসিল-২ এ বর্ণিত" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ এ বিধি ৭৮ (৩) এর বিপরীতে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

২৫। বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পর নিম্নরূপ একটি নূতন দফা (চ) সংযোজিত হইবে, যথাঃ—

"(চ) ক্ষেত্র বিশেষে, প্রযোজ্য ইনকোটার্ম (INCOTERM) এর প্রয়োগ উল্লেখ করিতে হইবে ;";

২৬। বিধি ৮৫ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "in back" শব্দগুলির পরিবর্তে "inbulk" শব্দ প্রতিস্থাপিত হইবে;

২৭। বিধি ৮৭ এর উপ-বিধি (১ [illegible] ল্লিখিত "৪২ ও" শব্দ ও সংখ্যা বিলুপ্ত হইবে;

২৮। বিধি ৮৯ এর উপ-বিধি ( [illegible]

(ক) দফা (ক) তে [illegible] "ইচ্ছানুযায়ী" শব্দের পরিবর্তে "প্রয়োজনমতে" শব্দ প্রতিস্থাপি[illegible] হইবে;

(খ) দফা (ঙ) এর উপ-[illegible] ২) তে উল্লিখিত "মেট্রিক টন" শব্দগুলির পরিবর্তে "প্রতি মেট্রিক টন" শব্দগুলি [illegible] স্থাপিত হইবে;

২৯। বিধি ৯০ এর উপ-বি[illegible] [illegible] উল্লিখিত "তফসিল-১০ (Schedule-X)" শব্দগুলি, সং[illegible] ও বন্ধনীর পরিবর্তে "তফসিল[illegible] [illegible]chedule-X) এবং তফসিল-১১ (Schedule-XI)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্র[illegible] [illegible] হইবে;

৩০। বিধি ৯১ এর উপ-বি[illegible] [illegible]২) এ উল্লিখিত "তফসিল-১১ (Schedule-XI)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "তফসি[illegible] ১০ (Schedule-X)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩১। বিধি ৯৩ এর উপ-বি[illegible] (১০) এ উল্লিখিত "সর্বোচ্চ সংখ্যক এবং এ ধরনের" শব্দগুলির পরিবর্তে "এ ধরনের সর্বোচ্চ সংখ্য[illegible]" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩২। বিধি ৯৭ এর—

(ক) উপ-বিধি (৪) এর দফা (চ) তে উল্লিখিত "শুনানো যাহা উক্ত তথা" শব্দগুলির পরিবর্তে "শুনানোর পর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৫) এ "না হইলে বা" শব্দগুলির পরিবর্তে "না হইলে এবং" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (১০) উপ-বিধি (৯) হিসাবে প্রতিস্থাপিত হইবে;

৩৩। বিধি ৯৮ এর-

(ক) উপ-বিধি (২০) এ উল্লিখিত "মোট চুক্তি মূল্য" শব্দগুলির পরিবর্তে "সমষ্টিক চুক্তিমূল্য (Sum Total)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩২) এ উল্লিখিত "উদ্ধৃত মূল্যের" শব্দগুলির পরিবর্তে "সর্বনিম্ন মূল্যায়িত দরের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৪। বিধি ১০২ এর উপ-বিধি (৯ এ উল্লিখিত "বিধি ২৭(৫) ও (৬)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "বিধি ২৭(৭) ও ( ' শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৫। বিধি ১০৯ এর উপ ) এ উল্লিখিত "৭৪(৫)" সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে " ৩)" সংখ্যা ও বন্ধনী প্রতিস্থা ;

৩৬। বিধি ১১৭ এর উপ- এর—

(ক) দফা (খ) তে উল্লি 'এবং ব্যয়ের ক্ষেত্রে যথাক্রমে সর্বোচ্চ গুরুত্ব শতকরা ৮০ (আশি) এবং ২ ) নির্ধারণ করা যাইতে পারে" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলির পরিবর্ ং ব্যয়ের ক্ষেত্রে গুরুত্ব যথাক্রমে শতকরা ৮০ (আশি) হইতে ৯০ (নব্বই) শতকরা ১০ (দশ) হইতে ২০ (বিশ) নির্ধারণ করা যাইতে পারে' শব্দগুলি, সং এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (চ) তে উল্লি দাপ্তরিক প্রাক্কলন" শব্দগুলির পরিবর্তে "নির্দিষ্ট বাজেটের অধীন নির্বাচন পদ্ধ ও দাপ্তরিক প্রাক্কলন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৩৭। বিধি ১১৯ এর উপ- ১) এর শেষে "দাঁড়ির" পরিবর্তে "কোলন" প্রতিস্থাপিত হইবে এবং নিম্নরূপ একটি নূতন শ সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, অনুমোদনকারী কর্তৃপক্ষ যদি ক্রয়কারী কার্যালয় প্রধানের উচ্চতর কোন কর্মকর্তা হন তাহা হইলে, বিধি-১০ উপ-বিধি (১) এর দফা (ঘ) এর ব্যতিক্রমে ক্রয়কারী কার্যালয় প্রধানের অব্যবহিত নিচের ধাপের কর্মকর্তা প্রস্তাব মূল্যায়ন কমিটির সভায় সভাপতিত্ব করিবেন।";

৩৮। বিধি ১২৫ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "থোক চুক্তি (lum-sum)" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "থোক চুক্তি (lump-sum)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৩৯। বিধি ১২৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "সিপিটিইউ'র" শব্দের পূর্বে "তফসিল-৬ এ প্রদত্ত ছকে" শব্দগুলি এবং সংখ্যা সন্নিবেশিত হইবে;

৪০। বিধি ১৩০ এর উপ-বিধি (১) এর দফা (খ) তে উল্লিখিত "ক্রয়কারী" শব্দের পরিবর্তে "ক্রয়কারী বা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪১। তফসিল-২ এর—

(ক) বিধি ৭ এর বিপরীতে উল্লিখিত "সংশ্লিষ্ট ক্রয়কারী এবং অন্যান্য সংস্থার ২ জন" শব্দগুলি এবং সংখ্যার পরিবর্তে "সংশ্লিষ্ট ক্রয়কারী হইতে ২ (দুই) জন" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি (৮) এর—

(অ) উপ-বিধি (৮) এর বিপরীতে উল্লিখিত "২ (দুই)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১ (এক)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে এবং উহার ১ম বুলেট এর অব্যবহিত পরে নিম্নরূপ একটি নূতন বুলেট ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

" ▸ জাতীয় পতাকাবাহী বাহন এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস বা মিশনসমূহের ক্ষেত্রে ক্রয়কারী থেকে কমপক্ষে ৩ (তিন) জন।";

(আ) উপ-বিধি (১৫) এর বিপরীতে উল্লিখিত "মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী" শীর্ষক শিরোনামাধীন এন্ট্রির নীচে বিভিন্ন বুলেটে উল্লিখিত হার/পরিমাণ নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১ম বুলেটে "সর্বাধিক ১০০০ (এক হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ৬০০০ (ছয় হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

২য় বুলেটে "সর্বাধিক ৬০০ (ছয় শত) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০০০ (এক হাজার) টাকা তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৩য় বুলেটে "সর্বাধিক ৩০০ (তিন শত) টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০০ (পাঁচশত) টাকা তবে সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;";

৩য় বুলেটের নীচে নিম্নরূপ একটি নূতন উপ শিরোনামা ও বুলেট সংযোজিত হইবে, যথা ঃ—

"১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ

- প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা তবে সর্বোচ্চ ৯০০ (নয়শত) টাকা।";

(গ) বিধি ৯ এর উপ-বিধি (২) (ক) এর বিপরীতে—

(অ) "পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ঃ" শিরোনামাধীন ১ম বুলেটে "১৫ (পনের)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২৫ (পঁচিশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

৩য় বুলেটে "৫ (পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০ (দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) "কার্য ও ভৌত সেবা ঃ" শিরোনামাধীন ১ম বুলেটে "৩০ (ত্রিশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০ (পঞ্চাশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

৩য় বুলেটে "৫ (পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০ (দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ২১ এর উপ-বিধি (২) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন বিধি ও উহার বিপরীতে এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"

| | |
|---|---|
| ২২(১) | ব্যাংক-ড্রাফট বা পে-অর্ডার দাখিল সংক্রান্ত মূল্যসীমা ঃ ২ (দুই) কোটি টাকা পর্যন্ত। |

";

(ঙ) বিধি ২৭ এর—

(অ) উপ-বিধি (১) এর বিপরীতে সর্বশেষ ৫ম বুলেটের পর নিম্নরূপ তিনটি নূতন বুলেট যথাক্রমে ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম সংযোজিত হইবে, যথা ঃ—

" ▸ পণ্য পরিবহনের ক্ষেত্রে চুক্তি মূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ) এবং পরিবহনযোগ্য পণ্যমূল্যের ৫% (শতকরা পাঁচ ভাগ), যা পরবর্তী পরিবহনেও ব্যবহার করা যাইবে;

▸ সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তিমূল্যের ৩% (শতকরা তিনভাগ) হইতে ৫% (শতকরা পাঁচ ভাগ); এবং

▸ নিরাপত্তা জামানত হিসাবে পরিশোধযোগ্য বিল থেকে কর্তনের পরিমাণ ১০% (শতকরা দশ ভাগ);"

(আ) উপ-বিধি (২) এর বিপরীতে উল্লিখিত শিরনামা এবং বুলেট এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা এবং বুলেট প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| "ফ্রন্ট লোডিং (Front Loading) অথবা দাপ্তরিক প্রাক্কলিত মূল্য থেকে উল্লেখযোগ্য কম পরিমাণে দরপত্র মূল্য উদ্ধৃতকরণ এর ক্ষেত্রে কার্য সম্পাদন জামানতের পরিমাণ ঃ |
|---|
| ▸ চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পঁচিশ ভাগ) ।"; |

(চ) বিধি ২৮ এর উপ-বিধি (১) এর বিপরীতে ২য় বুলেট এর পর নিম্নরূপ একটি নূতন বুলেট "৩য়" সংযোজিত হইবে, যথা ঃ—

▸ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ২ (দুই) কোটি টাকা পর্যন্ত কার্যচুক্তির ক্ষেত্রে অনুমিত রক্ষণযোগ্য অর্থ ১০% (শতকরা দশ ভাগ) হইবে, যাহার মধ্যে দরপত্র জামানতের অর্থও অন্তর্ভুক্ত থাকিবে ।";

(ছ) বিধি ৩৯ এর উপ-বিধি (১৮) এর বিপরীতে উল্লিখিত শিরনামার পরিবর্তে নিম্নরূপ শিরনামা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"ক্রয়কারী কর্তৃক চুক্তি সংশোধন";

(ঞ) বিধি ৫২ এর---

(অ) উপ-বিধি (৩) (ঘ) এর বিপরীতে উল্লিখিত শিরনামার অধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

" ▸ কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে---

▸ একজন ক্রয়কারী বহির্ভূত সদস্য

▸ একজন ক্রয়কারী সদস্য

▸ একজন ক্রয়কারীর কারিগরি সদস্য ।";

(আ) উপ-বিধি (৩) (ঘ) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি ও উহার বিপরীতে এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ

"

| ৫২(৩)(ঙ) | তালিকাভুক্তি ও নবায়ন ফি ঃ |
|---|---|
| | ▸ শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ।<br>▸ শ্রেণী ভিত্তিক নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা । |

";

(ঝ) বিধি ৫৭ এর উপ-বিধি (৯) এবং (১২) এর বিপরীতে ৭ম এবং ৮ম বুলেটে দুইবার উল্লিখিত "লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির" শব্দগুলি উভয়স্থানে বিলুপ্ত হইবে;

(ঞ) বিধি ৫৮ এর উপ-বিধি (৪) এর বিপরীতে উল্লিখিত "২৫০০ (দুই হাজার পাঁচশত)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৩৫০০ (তিন হাজার পাঁচশত)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ট) বিধি ৬১ এর উপ-বিধি (৪) এর---

(অ) ১ম বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২ (দুই) কোটি" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) ২য় বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২ (দুই) কোটি" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ই) ৪র্থ বুলেটে উল্লিখিত "১৪ (চৌদ্দ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১০(দশ)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঈ) ৫ম বুলেটের পরিবর্তে নিম্নরূপ নূতন ৫ম বুলেট প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

" ➤ পুনঃদরপত্র আহ্বানের সময় অনূর্ধ্ব ২(দুই) কোটি টাকা ক্রয়ের ক্ষেত্রে ১০(দশ) দিন, বিপর্যয়কর ঘটনার ক্ষেত্রে ৭(সাত) দিন এবং অন্যান্য ক্ষেত্রে ১৪ (চৌদ্দ) দিন।";

(ঠ) বিধি ৬৩ এর উপ-বিধি (২) এর বিপরীতে—

(অ) ১ম বুলেটে উল্লিখত "১৫ (পনের) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "২৫(পঁচিশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) ২য় বুলেটে উল্লিখিত "৩০ (ত্রিশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ড) বিধি ৬৪ এর উপ-বিধি (৫) এর বিপরীতে শিরোনামে উল্লিখিত "আওতায়" শব্দের পর "সরাসরি দরপত্র আহ্বান অথবা" শব্দগুলি সংযোজিত হইবে;

(ঢ) বিধি ৬৯ এর উপ-বিধি (১) এবং (৬)(ক) ও (গ) এর বিপরীতে—

(অ) রাজস্ব বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে বুলেটের—

"১ (এক)", "৩ (তিন)", "২(দুই)" এবং "৫(পাঁচ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে যথাক্রমে "২ (দুই)", "১০(দশ)", "৫(পাঁচ)" এবং "২০ (বিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে বুলেটের—

"২ (দুই)", "৫(পাঁচ)", "৩ (তিন)" এবং "১০(দশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে যথাক্রমে "৫(পাঁচ)", "২০ (বিশ)", "১০(দশ)" এবং "৪০(চল্লিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ণ) বিধি ৬৯ এর উপ-বিধি (৬) (খ) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "৫(পাঁচ)" শব্দ, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "১৫(পনের)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ত) বিধি ৭৪ এর উপ-বিধি "(৫)" এর পরিবর্তে উপ-বিধি "(৪)" প্রতিস্থাপিত হইবে;

(থ) বিধি ৭৬ এর —

(অ) উপ-বিধি (১) (ঞ) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "২০(বিশ)" এবং "৩০(ত্রিশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "৫০(পঞ্চাশ)" এবং "৫০০(পাঁচশত)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) উপ-বিধি (১) (ট) এর বিপরীতে বুলেটে উল্লিখিত "৫০(পঞ্চাশ) হাজার" এবং "১(এক) লক্ষ" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "১(এক) লক্ষ" এবং "৫ (পাঁচ) লক্ষ" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(দ) বিধি ৮১ এর বিপরীতে বুলেটে উল্লিখিত "১৫০০০ (পনের হাজার)" এবং "২(দুই)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "২৫০০০ (পঁচিশ হাজার)" এবং "৫(পাঁচ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ধ) বিধি ৮৮ এর উপ-বিধি (১) এবং (২) এর বিপরীতে উল্লিখিত "৫(পাঁচ)" এবং "১০(দশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে যথাক্রমে "১৫(পনের)" এবং "৫০ (পঞ্চাশ)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ন) তফসিল-৬ এ উল্লিখিত "Format for Reporting Contract Award" শব্দগুলির নীচে "(for Tk. 100 million and above for Goods & Works Contracts)" এবং "(for Tk. 5 million and above for Service Contracts)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি বিলুপ্ত হইবে;

৪২। তফসিল-১০ এর রেফারেন্স হিসাবে উল্লিখিত "বিধি ৯০(৫)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৯০ (৫)" ও ৯১(১২)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

৪৩। তফসিল-১১ এর রেফারেন্স হিসাবে উল্লিখিত "বিধি ৯১(১২)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিধি ৯০ (৫)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

৪৪। তফসিল-১৩ এর পর নিম্নরূপ একটি নূতন তফসিল ১৪ সংযোজিত হইবে, যথা :—

"তফসিল-১৪

[বিধি ৩৬(৩)(ক)(২)(অ) দ্রষ্টব্য]

সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য ক্রয় প্রস্তাব প্রেরণের নমুনা ছক

[গোপনীয়]

------- কপির ---------৩য় কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

-------------------------------------মন্ত্রণালয়/বিভাগ

-------------------------------------

-------------------------------------

নং- তারিখ :

সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ

বিষয় : (ক্রয় কর্ম পরিকল্পনা/দরপত্র বা প্রস্তাব আহ্বান/দরপত্র বা প্রস্তাব দলিল মোতাবেক ক্রয়ের পূর্ণ নাম ও প্যাকেজ/লট নং )।

১। সংস্থার নাম /ক্রয়কারী :

২। প্রকল্পের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৩। অর্থের উৎস :

৬। ক্রয়ের সংক্ষিপ্ত বিবরণ (Goods/\ orks/Services) ঃ

৭। ক্রয় পদ্ধতি (Procurement I ethod) এবং একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করা হইয়া থাকিলে এর যৌক্তিকত: হ বিবরণ ঃ

প্রযোজ্য ক্ষেত্রে প্রাক-যোগ্যতা 're-qualification) বা সংক্ষিপ্ত তালিকা (Short listing) বিষয়ে আবেদনপত্র হবান থেকে তালিকা অনুমোদন/পুনঃ আহবান (বিজ্ঞপ্তি প্রকাশ), দরপত্র/প্রস্তাব দলিল প্রদা র তারিখসহ বিবরণ ঃ (পত্রিকা/CPTU এর Website এ প্রকাশের কপি সংযুক্ত করিতে হ বে)

দরপত্র/প্রস্তাব আহবান, প্রাক-দর /প্রস্তাব বৈঠক, দরপত্র/প্রস্তাব গ্রহণ, উন্মুক্তকরণ ইত্যাদির তারিখ ও সময়সহ বিবরণ ঃ (দর /প্রস্তাব আহবানের/পুনঃ আহবানের পত্রিকা এবং CPTU এর Website এ প্রকাশের কপি ংযুক্ত করিতে হইবে)।)

৮। দরপত্র/প্রস্তাব মূল্যায়ন শুরু এবং তিবেদন দাখিলের, দরপত্র/প্রস্তাবের বৈধতার মূল মেয়াদ এবং মেয়াদ বৃদ্ধির তারিখ (প্রযোজ্য হইলে) (সংযুক্তিসহ) সহ বিবরণ ঃ

৯। দরপত্র/প্রস্তাবের মূল্যায়ন সম্পর্কি মতামতসহ বিবরণ ঃ (মূল্যায়ন প্রতিবেদনের কপি, মূল্যায়ন কমিটির গঠন, সকল দরদাত স্তাবদাতার প্যাকেজ/লট ইত্যাদি ভিত্তিক গ্রহণযোগ্য/ অগ্রহণযোগ্য হওয়ার কারণসহ তু মূলক বিবরণী এবং মূল্যায়ন কমিটির সদস্যদের একক ও পৃথকভাবে সার্টিফিকেট প্রদান ইত ন সংযুক্তি প্রদান করিতে হইবে)

১০। প্রযোজ্য ক্ষেত্রে মূল্যায়ন কমিটির ি ত পোষণকারী সদস্যের ভিন্নমতের কারণসহ বর্ণনা ঃ

বৈদেশিক সাহায্যপুষ্ট অর্থায়নে ক্রয় লে উন্নয়ন সহযোগীর সম্মতিপত্রের সংযুক্তিসহ বিবরণ ঃ

১১। মূল্যায়ন কমিটির সুস্পষ্ট সুপারিশস বিবরণ ঃ

১ । ইতোপূর্বে সরকারী ক্রয় সংক্রান্ত ন্ত্রিসভা কমিটিতে আলোচ্য প্যাকেজটি উপস্থাপিত হইয়া থাকিলে পূর্বের সিদ্ধান্ত ও সেই অ যায়ী গৃহীত ব্যবস্থাবলীর বিবরণ ঃ

১৪। আলোচ্য ক্রয়ের বিষয়ে কোন অভি যোগ ও আপীল হইয়া থাকিলে ইহার বিবরণ ঃ

১ । মন্ত্রণালয়/বিভাগের মতামতসহ (ম ন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক) সার্টিফিকেট ঃ

১৬। ক্রয়ের সার্বিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে পরিমাণগত দিকসহ) এবং সম্পাদিতব্য চুক্তিকৃত মূল্যের বিভাজন (যথা ঃ ভ্যাট, ট্যাক্স, আইটি ইত্যাদি) ও চুক্তির বাস্তবায়নকালীন সময়সহ সার্বিক বিবেচনায় মন্ত্রণালয়ের সুস্পষ্ট সুপারিশ ঃ

১৭। সার-সংক্ষেপের উপর মাননীয় মন্ত্রীর অনুমোদন এবং সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনের সম্মতি প্রদান ঃ

মন্ত্রণালয়/বিভাগের সচিব

নাম, পদবী এবং স্বাক্ষর"।

[নোট ঃ (১) সার-সংক্ষেপের বিবরণ অনুচ্ছেদ আকারে হইবে, কোন শিরোনামা বা উপ-শিরোনামা দেওয়া যাইবে না।

(২) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রাসঙ্গিক বিবেচিত হইলে অন্য যে কোন তথ্যাবলী সংশ্লিষ্ট অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা যাইবে।]"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুল মালেক
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

মোঃ মাসুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৯, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**

**সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ চৈত্র ১৪১৭ বঙ্গাব্দ/২৭ মার্চ ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৭৩-আইন/২০১১।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এর উপ-বিধি (১৫) তে উল্লিখিত "পরিদপ্তরের প্রধান" শব্দগুলির পর "বা, ক্ষেত্রমত, বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার, জেলা জজ" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

২। বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর পর নিম্নরূপ দুইটি নূতন দফা যথাক্রমে (কক) এবং (ককক) সন্নিবেশিত হইবে, যথা :—

"(কক) সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে, দরপত্র দলিলে কার্যের পরিমাণগত হিসাব সম্বলিত তফসিলে (bill of quantities) একক দরসহ দাপ্তরিক প্রাক্কলন (official estimate);

(ককক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে যে কোন মূল্যের অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে, দাপ্তরিক প্রাক্কলন (official estimate) ব্যতীত কার্যের পরিমাণগত হিসাব সম্বলিত তফসিল (bill of quantities);";



মূল্য : টাকা ৮.০০

৩। বিধি ৮ এর

(ক) উপ-বিধি (১৪) তে উল্লিখিত "অনুমোদনকারী কর্তৃপক্ষ" শব্দগুলির পরিবর্তে "ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (১৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১৫) মূল্যায়ন কমিটি ও কারিগরী কমিটির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে উৎসাহ প্রদানের নিমিত্ত সভা আহ্বানকারী ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত হার বা সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে উহার প্রত্যেক সদস্যকে ফি বা সম্মানী প্রদান করিবে।";

(গ) উপ-বিধি (১৬) তে উল্লিখিত "মূল্যায়ন কমিটির" শব্দগুলির পরিবর্তে "মূল্যায়ন কমিটি এবং কারিগরী সাব-কমিটির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

৪। বিধি ৯ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

৫। বিধি ১৬ এর—

(ক) উপ-বিধি (৪) এ উল্লিখিত "সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত ছকে" শব্দগুলির পরিবর্তে "তফসিল-৫ এর অংশ-ক অনুসারে" শব্দগুলি, হাইফেনগুলি সংখ্যা ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৫)—

(অ) এ উল্লিখিত "দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate)" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "প্রাক্কলিত ব্যয় (cost estimate)" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(আ) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি যথাক্রমে (৫ক) এবং (৫খ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৫ক) উপ-বিধি (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্তকরণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহ্বানের পূর্বে কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত করিবে;

(৫খ) উপ-বিধি (৫ক) এ প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হইতে অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান এবং অধিক না

হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অনুমোদনকারী কর্তৃপক্ষ (যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্নে হন) কর্তৃক অনুমোদনপূর্বক সীমিত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) সীলগালা করিয়া রাখিবে, যাহা দরপত্র বা প্রস্তাব মূল্যায়নের সময় মূল্যায়ন কমিটি কর্তৃক উন্মুক্ত করা হইবে।";

৬। বিধি ২২ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত---

(ক) "বা লট ভিত্তিক" শব্দসমূহ বিলুপ্ত হইবে;

(খ) "আইটেম বা লটসমূহের" শব্দসমূহের পরিবর্তে "আইটেমসমূহের" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

৭। বিধি ৩৩ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ---

"(৩ক) উপ-বিধি (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, সীমিত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে ধারা ১৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুসৃত হইবে।

**উদাহরণ**।- কোন কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিলে প্রাক্কলিত মূল্য ১০০.০০ লক্ষ টাকা উল্লেখ করা হইলে, কোন দরদাতা ± ৫% বা ৯৫.০০ লক্ষ টাকা হইতে ১০৫.০০ লক্ষ টাকা দরে দরপত্র দাখিল করিতে পারিবে। তবে দরদাতা ৯৫.০০ লক্ষ টাকার কম বা ১০৫.০০ লক্ষ টাকার বেশী দরে দরপত্র দাখিল করিলে তাহার দরপত্র বাতিল হইয়া যাইবে।";

৮। বিধি ৩৯ এর উপ-বিধি (১৮) তে উল্লিখিত "অতিরিক্ত কার্যের মূল্য তফসিল-২ এ নির্ধারিত সীমা অতিক্রম না করা সাপেক্ষে," শব্দগুলি, হাইফেন, সংখ্যা ও কমা বিলুপ্ত হইবে;

৯। বিধি ৪৮ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা ঃ --

"(৬) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক দুই (২) কোটি টাকার অভ্যন্তরীণ কার্যক্রমের ক্ষেত্রে ব্যক্তির যোগ্যতা নির্ধারণে অতীতে সম্পাদিত ক্রয় কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হইবে না।";

১০। বিধি ৫২ এর---

"(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "করিতে পারিবে" শব্দগুলির পরিবর্তে "করিবে" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর---

(অ) দফা (ক) তে উল্লিখিত "ধরন ও শ্রেণীর" শব্দগুলির পরিবর্তে "ধরনের" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (গ) বিলুপ্ত হইবে;

(ই) পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা ঃ---

"(৪) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বিধি ৪৮(৬) অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক দুই (২) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্রে অতীতে সম্পাদিত ক্রয়কার্যের অভিজ্ঞতার প্রয়োজন হইবে না।";

১১। বিধি ৬২ এর---

"(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি" শব্দগুলির পর ",এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ---

"(২) সীমিত দরপত্র পদ্ধতি, দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি, এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি এবং সরাসরি ক্রয় পদ্ধতির অধীন পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে যথাক্রমে তফসিল-৩ এর গ, ঘ, ঘঘ, ঙ এবং চ অংশে প্রদত্ত ফ্লো-চার্ট এ উল্লিখিত প্রক্রিয়া এবং কার্যক্রম অনুসরণীয় হইবে।";

১২। বিধি ৬৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "পণ্যের" শব্দের পরিবর্তে "পণ্য বা কার্যের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৩। বিধি ৬৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "পণ্য এবং সংশ্লিষ্ট সেবা" শব্দগুলির পরিবর্তে "পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

১৪। চতুর্থ অধ্যায়ের "অংশ-৩" এর পর নিম্নরূপ একটি নূতন অংশ "অংশ-৩ক" সন্নিবেশিত হইবে, যথা ঃ -

### "অংশ-৩ক

### অভ্যন্তরীণ ক্রয় ঃ এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি

৬৮ক। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত**।--- (১) টার্ন-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির (যথা-প্রক্রিয়াকরণ স্থাপনা সরবরাহ, স্থাপন এবং চালুকরণ, বা বৃহদাকার কার্য বা যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত চুক্তি ইত্যাদি) ক্ষেত্রে পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ, কার্যের হিসাব সম্বলিত বিবরণ (Bill of Quantities) বা আবশ্যকীয় পণ্যের সরবরাহ সম্বলিত বিবরণ (Schedule

of Requirement), ডিজাইন ইত্যাদিসহ পূর্ণাঙ্গ দরপত্র দলিল প্রণয়ন করিতে ক্রয়কারী সক্ষম হইলে, তিনি ধারা ৩২ এর উপ-ধারা (১) এর দফা (গগ) এর বিধান অনুসারে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে পারিবেন।

(২) এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৬৮খ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।**—(১) ক্রয়কারী প্রত্যেক দরদাতাকে কারিগরী এবং আর্থিক প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত পৃথক পৃথক দুইটি খামে সীলগালা করিয়া অন্য একটি বহিঃস্থ খামে স্থাপন ও উক্ত বহিঃস্থ খাম পুনরায় সীলগালা করিয়া দরপত্র জমাদানের আহ্বান জানাইয়া বিজ্ঞাপন প্রকাশ করিবে।

(২) দরপত্রদাতাকে কারিগরী প্রস্তাবের সহিত বিজ্ঞাপনে বর্ণিত স্থির অংকে (rounded fixed amount) দরপত্র জামানত দাখিল করিবার জন্য আহ্বান জানাইতে হইবে।

(৩) বিধি ৬১ এর উপ-বিধি (৪) এর অধীনে উন্মুক্ত দরপত্র পদ্ধতির জন্য প্রদেয় সময় এই বিধির অধীন আলোচ্য দরপত্র পদ্ধতির ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৬৮গ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে কারিগরী প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন।**—(১) উন্মুক্তকরণ কমিটি বিধি ৯৭ প্রতিপালনপূর্বক প্রথমে শুধুমাত্র কারিগরী প্রস্তাব দরপত্র দলিলে উল্লিখিত স্থানে ও সময়ে উন্মুক্ত করিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কারিগরী প্রস্তাব উন্মুক্তকরণের সময় উক্ত বিধির উপ-বিধি (৪) এর দফা (চ) এর উপ-দফা (ই), (ঈ) ও উপ-বিধি (৫) এবং তফসিল-৪ এর অংশ-ঘ এর Serial no.(15), (16) ও (24) প্রযোজ্য হইবে না।

(২) কারিগরী প্রস্তাব গৃহীত ও উন্মুক্ত করিবার পর কোন অবস্থাতেই কারিগরী প্রস্তাব সংশোধন বা পরিবর্তন করা যাইবে না।

(৩) বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরী যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (pass or fail) ভিত্তিতে কারিগরী প্রস্তাবসমূহ মূল্যায়ন করিবে।

(৪) দরপত্র মূল্যায়ন কমিটি প্রতিটি দরদাতার কারিগরী প্রস্তাব কারিগরী যোগ্যতার শর্তসমূহ পূরণ করে কি না উহা নিরূপণ করিবে এবং কারিগরী যোগ্যতার শর্তসমূহ পূরণ না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ বলিয়া বিবেচিত হইবে।

(৫) কারিগরী প্রস্তাবসমূহের মূল্যায়ন সমাপ্ত হইবার পর উক্ত মূল্যায়ন প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হইতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অনুমোদিত না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাবসমূহ ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করিবে।

৬৮ঘ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে আর্থিক প্রস্তাব উন্মুক্ত ও মূল্যায়ন**।—(১) ক্রয়কারী কার্যালয়ের প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কারিগরী মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর ক্রয়কারী কারিগরী মূল্যায়নে কৃতকার্য দরদাতাদেরকে আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণের স্থান, তারিখ ও সময় জানাইয়া প্রকাশ্যে উন্মুক্তকরণ সভায় উপস্থিত থাকিবার জন্য লিখিতভাবে অনুরোধ করিবে।

(২) দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরী মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করিবে।

(৩) দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্বাচন করিবে।

(৪) ক্রয়কারী কৃতকার্য দরপত্রদাতার সহিত চুক্তি স্বাক্ষরের পর, কারিগরী প্রস্তাব মূল্যায়নে নন-রেসপনসিভ বিবেচিত দরপত্রদাতাদের নন-রেসপনসিভ হওয়ার বিষয়টি অবহিত করিবে এবং আর্থিক প্রস্তাব উন্মুক্ত না করিয়া ফেরত দিবে।";

১৫। বিধি ৭৪ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "মূল্যসীমার ঊর্ধ্বের" শব্দগুলির পরিবর্তে "মূল্যসীমার" শব্দ প্রতিস্থাপিত হইবে;

১৬। বিধি ৮০ এর উপ-বিধি (৬) বিলুপ্ত হইবে;

১৭। বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঙ) আন্তর্জাতিক প্রতিযোগীগণের বিপরীতে মূল্য-সুবিধা প্রদানের লক্ষ্যে, দেশীয় শিল্প অথবা পণ্য উৎপাদনের বিকাশে সহায়তা প্রদানের জন্য, তফসিল-২ এ বর্ণিত হারে, ধারা ৩৩ এর দফা (গ) এর উপ-দফা (ঋ) এবং (ঋঋ) প্রযোজ্য হইবে।";

১৮। বিধি ৮৯ এর উপ-বিধি (৪) এর—

(ক) দফা (গ) তে উল্লিখিত উদাহরণ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) তে উল্লিখিত উদাহরণ বিলুপ্ত হইবে;

১৯। বিধি ৯০ এর উপ-বিধি (২) এর দফা (গ) বিলুপ্ত হইবে;

২০। বিধি ৯৬ এর উপ-বিধি (১১) এর দফা (গ) তে উল্লিখিত "সর্বশেষ সময়সীমা নির্ধারণ করিতে হইবে এবং অন্যান্য স্থানে বা স্থানসমূহে নির্ধারিত সময়ের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "সর্বশেষ সময়সীমা এক এবং অভিন্ন রাখিতে হইবে এবং অন্যান্য স্থান বা স্থানসমূহ হইতে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২১। বিধি ৯৮ এর পর নিম্নরূপ একটি নূতন বিধি ৯৮ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৯৮ক। **লটারীর প্রয়োগ, ইত্যাদি।**—(১) ধারা ৪৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর শর্তাংশে উল্লিখিত বিশেষ ক্ষেত্র হিসাবে লটারীর মাধ্যমে দরদাতা নির্ণয়ের জন্য উপ-বিধি (২) এ উল্লিখিত পদ্ধতি অনুসৃত হইবে।

(২) মূল্যায়ন কমিটি—

(ক) লটারী অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় ক্রয়কারী এবং সর্বনিম্ন মূল্যায়িত দরদাতাগণকে লিখিত নোটিশের মাধ্যমে জানাইবে;

(খ) দফা (ক) তে উল্লিখিত নোটিশে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে ক্রয়কারী বা তদ্‌কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে প্রকাশ্যে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করিবে;

(গ) লটারীর জন্য সাধারণভাবে গ্রহণযোগ্য (generally acceptable) কোন স্বচ্ছ (transparent) যেমন, গুটি, কুপনস, ইত্যাদির মাধ্যমে লটারী পরিচালনা করিবে ;

(৩) সর্বনিম্ন মূল্যায়িত দরদাতার সংখ্যা দুই বা তিন হইলে লটারীতে যিনি প্রথম হইবেন তিনি সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা হিসবে নির্বাচিত হইবেন এবং একই সাথে দ্বিতীয় বা, ক্ষেত্রমত, তৃতীয় সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্বাচন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) অনুসারে প্রথম নির্বাচিত মূল্যায়িত দরদাতা চুক্তি সম্পাদনের জন্য যোগ্য বিবেচিত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রথম নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদনে ব্যর্থ হইলে ক্রমান্বয়ে নির্বাচিত দ্বিতীয় বা, ক্ষেত্রমত, তৃতীয় সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা চুক্তি সম্পাদনের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন ঃ

আরও শর্ত থাকে যে, লটারীর মাধ্যমে নির্বাচিত সর্বনিম্ন দরদাতার সংখ্যা তিন এর অধিক হইবে না।";

২২। তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল-১

[বিধি ৪(১) দ্রঃ]

পণ্য, কার্য, সেবা, ইত্যাদি ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা

পণ্য ও সংশ্লিষ্ট সেবা

| | | |
|---|---|---|
| পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে-পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) |
| পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |
| পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ এর উর্দ্ধে যে কোন মূল্যমানের) |
| পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) ( যে কোন মূল্যমানের) |
| পিজি ৫এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) [ "টার্নকি চুক্তির আওতায়" এক পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে ( যে কোন মূল্যমানের)] |
| পিজি ৫বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্নকি চুক্তির আওতায়" দুই পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)] |
| পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) ( যে কোন মূল্যমানের) |
| পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির উর্ধ্বে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরী (custom designed equipment) (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (PQG) |
| এসএএফই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-A) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত) |

কার্য ও ভৌত সেবা

| | | |
|---|---|---|
| পিডব্লিউ ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) |
| পিডব্লিউ ২এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |
| পিডব্লিউ ২বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |
| পিডব্লিউ ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) ঃ প্রাক-যোগ্যতা নির্ধারণ ব্যতীত। (টাকা ২.০০ কোটি এর উর্ধ্বে যে কোন মূল্যমানের) |
| পিকিউডব্লিউ ৪ | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটি এর উর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) |
| পিডব্লিউ ৫ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নির্মাণ কার্য অথবা স্থাপনার নকশা তৈরী ও অবকাঠামো নির্মাণ অথবা ব্যবস্থাপনা চুক্তির ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) দরপত্র দলিল (STD) |
| পিকিউডব্লিউ ৬ | আন্তর্জাতিক ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে প্রাক যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিডব্লিউ ৭ | আন্তর্জাতিক ক্রয় | বৃহৎ এবং জটিল কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) |
| এসএএফই-বি | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-B) (টাকা ২.০০ কোটি পর্যন্ত) |

বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা

| | | |
|---|---|---|
| পিএস ১ | অভ্যন্তরীণ | সামাজিক সেবামূলক (Community Services) সংগঠন নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) |
| পিএস ২ | অভ্যন্তরীণ | এনজিও নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) |
| পিএস ৩ | অভ্যন্তরীণ | থোক চুক্তি (lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল ((SRFA) |
| পিএস ৪ | অভ্যন্তরীণ | সময়ভিত্তিক (Time-based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল(SRFA) |

| | | |
|---|---|---|
| পিএস ৫ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple থোক চুক্তি টাকা ১.০০ কোটি পর্যন্ত) |
| পিএস ৬ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple সময়ভিত্তিক টাকা ১.০০ কোটি পর্যন্ত) |
| পিএস ৭ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিএস ৮ | অভ্যন্তরীণ | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও সময়ভিত্তিক চুক্তি টাকা ১.০০ কোটি এর উর্ধ্বে) |
| পিএস ৯ | আন্তর্জাতিক | থোক চুক্তি (lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA) |
| পিএস ১০ | আন্তর্জাতিক | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA) |
| পিএস ১১ | আন্তর্জাতিক | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(থোক চুক্তি-যে কোন মূল্যমানের) |
| পিএস ১২ | আন্তর্জাতিক | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(সময়ভিত্তিক চুক্তি-যে কোন মূল্যমানের) |
| পিএস এন | অভ্যন্তরীণ | পরামর্শ বিহীন একক সেবা গ্রহণের ক্ষেত্রে (Stand alone Service) প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)<br>(যে কোন মূল্যমানের) |

মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ইভিজি | | পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ইভিডব্লিউ | | কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ই ভি এস | | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| পিপিপিআর | | ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ (Procedure for Procurement Post Review) পদ্ধতি। |

২৩। তফসিল-২ এর "বিধি" শিরোনামাধীন কলামে উল্লিখিত বিধির ক্রমিক নম্বর—

(ক) যথাক্রমে "৮(২)", "৮(৮)" ও "৮(২)" এবং উহাদের বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ বিধির ক্রমিক নম্বরসমূহ, শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| "৮(২) | **স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি ঃ** |
| | ▶ কমপক্ষে ৩ (তিন) জন সদস্য, যাহাদের মধ্যে ১ (এক) জন একই মন্ত্রণালয়, বিভাগ বা সংস্থার অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে হইবে। |
| | পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা ঃ |
| | ▶ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়; |
| | ▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়; |
| | ▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়; |
| | ▶ জাতীয় পতাকাবাহী বাহন ও বৈদেশিক মিশনসমূহের ক্ষেত্রে ১৫ (পনের) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়; |
| | কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা ঃ |
| | ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয়; |
| | ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয়; |
| | ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়; |
| | সেবাসমূহের মূল্যসীমা ঃ |
| | ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়; |
| | ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত একক উৎস ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়; |
| | ▶ ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে জরুরী ও অদৃষ্টপূর্ব সেবা ক্রয়; |
| ৮(৮) | ▶ মূল্যায়ন কমিটির সভার বৈধতার জন্য অন্যূন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি আবশ্যক হইবে।"; |

(খ) "৮(১৫)"এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ বিধির ক্রমিক নম্বর, শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| "৮(১৫) | **মূল্যায়ন কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ৬০০০ (ছয় হাজার) টাকা ;<br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা ;<br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাচশত টাকা);<br>১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা, তবে সর্বোচ্চ ৯০০ (নয়শত টাকা)। |
| | **"কারিগরি সাব কমিটির সদস্য-প্রতি ফি বা সম্মানী ঃ** |
| | ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকা ;<br>১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা, তবে সর্বোচ্চ ২০০০ (দুই হাজার) টাকা ;<br>১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৫০০ (পাঁচশত) টাকা, তবে সর্বোচ্চ ১০০০ (এক হাজার টাকা);<br>১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ<br>▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০ (তিনশত) টাকা, তবে সর্বোচ্চ ৬০০ (ছয়শত টাকা)। |

";

(গ) যথাক্রমে "৯(২)(ক)", "৯(২)(ক)"ও "৯(২)(খ)" এবং উহাদের বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনামসমূহ ও এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(ঘ) "২২(৩) ও (৫)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে ব্যতিরেকে, সর্বক্ষেত্রেই দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ৩% (শতকরা তিন ভাগ) এর মধ্যে নির্দিষ্ট পরিমাণে।";

(ঙ) "২২(৪)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রির পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে দরপত্র জামানতের পরিমাণ :**

আইটেমভিত্তিক দরপত্র আহ্বানের ক্ষেত্রে একটি দরপত্র জামানতের মাধ্যমে উদ্ধৃত মোট মূল্যের ন্যূনতম ২% (শতকরা দুই ভাগ)।";

(চ) "৩৯(৩)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের দ্বিতীয় এন্ট্রিতে (দ্বিতীয় বুলেটে) উল্লিখিত "ক্রয়কারী কার্যালয় প্রধানের" শব্দগুলির পরিবর্তে "ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) "৩৯(১৮)" এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রি বিলুপ্ত হইবে;

(জ) "৬৩(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের দ্বিতীয় এন্ট্রিতে (দ্বিতীয় বুলেটে) উল্লিখিত "৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "২(দুই) কোটি টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঝ) "৭৪(৪)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"মূল চুক্তি মূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) হইতে সর্বোচ্চ ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ)।";


(ঞ) "৯০(২)(গ)" এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রি বিলুপ্ত হইবে;

(ট) "৯৬(১১)(ক)" সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও বর্ণের পরিবর্তে "৯৬(১১)(ক) এবং (গ)" সংখ্যাগুলি, বন্ধনীগুলি, বর্ণগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

২৪। তফসিল-৩ এর "অংশ-ঘ" এর পর নিম্নরূপ একটি নূতন অংশ "অংশ-ঘঘ" সন্নিবেশিত হইবে, যথা :—

"অংশ-খ ঃ [বিধি ৬২(২) দ্রঃ]

## ONE STAGE TWO ENVELOPE TENDERING METHOD



২৫। তফসিল-৪ এর 'অংশ-ঘ' এর "Steps for Opening Tenders" এর clause (13) এর শেষে প্রান্তস্থিত ফুলস্টপ চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ

> "Provided that in case of One Stage Two Envelope Tendering Method, first tear-open the Technical offer and the financial offer remain sealed and are held in safe custody by the Head of the Procuring Entity (HOPE) or authorized officer.";

২৬। তফসিল-৫ এর "অংশ-খ" এর টেবিলের "Col No." শিরোনামাধীন কলামে উল্লিখিত কলাম নম্বর "16" এর বিপরীতে "Note" শিরোনামাধীন কলামে উল্লিখিত "Use the Public Procurement Processing & Approval Procedures (PPPAP) to determine the minimum dates applicable to each Procurement package method." শব্দগুলি, কমা ও ফুলস্টপ বিলুপ্ত হইবে ;

২৭। তফসিল-৯ এর "অংশ-গ" তে উল্লিখিত নির্দেশাবলীর clause 2(a) তে উল্লিখিত "(See Schedule M)" বন্ধনী, শব্দগুলি ও বর্ণ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিব উল্লাহ্ মজুমদার
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

মোহাম্মদ আমীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ চৈত্র ১৪১৮ বঙ্গাব্দ/১ এপ্রিল ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৮৩-আইন/২০১২।— পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সালের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৯০ এর উপ-বিধি ২ এর দফা (খ) এর পর বিলুপ্ত দফা (গ) পুনরুজ্জীবিত হইবে, যথা ঃ—

"(গ) জাতীয় পর্যায়ে বিজ্ঞাপন প্রদানের অতিরিক্ত হিসাবে তফসিল-২ এ বর্ণিত ক্রয়ের ক্ষেত্রে ঢাকার বাহিরে কার্যরত কোন ক্রয়কারী বহুল প্রচারিত সর্বাধিক দুইটি আঞ্চলিক বা স্থানীয় দৈনিক সংবাদপত্রে পর পর সর্বাধিক ২(দুই) দিনের জন্য বিজ্ঞাপন প্রকাশ করিতে পারিবে;"


মূল্যঃ টাকা ২.০০

২। তফসিল-২ এর বিধি ৮৮(১) ও ৮৮(২) এবং উহার বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি এবং উহার বিপরীতে শিরোনাম ও এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| "৯০(২)(গ) | **স্থানীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ঃ** |
| | • দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তাহার নিম্নে।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোজাম্মেল হক খান**
সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট

প্রজ্ঞাপন

তারিখ: ৭ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/ ২১ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ৩৪৫-আইন/২০১৬।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩০) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩০) "পণ্য" অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ, প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়;";



মূল্য : টাকা ৩০.০০

(খ) দফা (৪২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪২) **"বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা"** অর্থ বুদ্ধিবৃত্তিক অথবা পেশাগত বিষয়ে চুক্তিতে বর্ণিত মতে পরামর্শক কর্তৃক পরামর্শ প্রদান, বা কোন কম্পিউটার সফটওয়্যার ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার প্রস্তুতকরণ, বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক সেবা, এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা;";

(গ) দফা (৪৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪৩) **"ভৌত সেবা"** অর্থ—

(ক) পণ্য সরবরাহ বা কার্য সম্পাদনের সহিত সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রদানকারী উপকরণাদি বা কোন প্রতিষ্ঠানের ভবন ও সরঞ্জাম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বা জরিপ বা অনুসন্ধানমূলক খননকার্য; বা

(খ) নিরাপত্তা সেবা, পরিবেশন সেবা, ভূতত্ত্ব বিষয়ক সেবা বা একক সেবাদানমূলক চুক্তির অধীনে তৃতীয় পক্ষ প্রদত্ত কোন সেবা; বা

(গ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শন [Pre-Shipment Inspection (PSI)] এজেন্ট নিয়োগ, ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্ট নিয়োগ, পণ্য পরিবহন কাজ, ভাড়ায় যানবাহন সংগ্রহ, মালামাল পরিবহনের জন্য পরিবহন ঠিকাদার নিয়োগ বা বীমা ঝুঁকি; বা

(ঘ) আউটসোর্সিং (out-sourcing) এর মাধ্যমে ক্রয়কারী কর্তৃক সেবা গ্রহণের লক্ষ্যে আইনের অধীন নির্দিষ্টকৃত কোন সেবা বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন সেবা;

ব্যাখ্যা: এই বিধিতে উল্লিখিত আউটসোর্সিং (out-sourcing) বলিতে এর মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত বিধিমালা বা নীতিমালা বা অনুরূপ কোন নির্দেশনাকে বুঝাইবে।";

(ঘ) দফা (৫১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৫১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫১) **"সরকারি তহবিল"** অর্থ সরকারি বাজেট হইতে ক্রয়কারীর অনুকূলে বরাদ্দকৃত অর্থ, অথবা কোন উন্নয়ন সহযোগী বা বিদেশি রাষ্ট্র বা সংস্থা কর্তৃক সরকারের মাধ্যমে ক্রয়কারীর অনুকূলে ন্যস্ত অনুদান ও ঋণ এবং আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংবিধিবদ্ধ সংস্থার তহবিল;";

(২) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (২) এর দফা (কক) তে উল্লিখিত "২ (দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩ (তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চচ) চুক্তি বাস্তবায়নে দরদাতার সক্ষমতা বা tender capacity নিরূপণের লক্ষ্যে দরপত্র দলিলে প্রদত্ত সুনির্দিষ্ট clause এবং ফরমুলা;";

(৩) বিধি ৯ এর উপ-বিধি (১) এর ''পারিবেন'' শব্দটির পরিবর্তে ''পারিবেন না'' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ১৬ এর উপ-বিধি (৫ক) ও (৫খ) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ উপ-বিধি (৫ক) ও (৫খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫ক) উপ-বিধি (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, ক্রয়কারী দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল চূড়ান্তকরণের পূর্বে বা দরপত্র বা প্রস্তাব আহ্বানের পূর্বে উন্নয়ন বা রাজস্ব বাজেট নির্বিশেষে ক্রয়কারী কর্তৃক নিজ এবং অন্য ক্রয়কারীর প্রতিনিধিসহ ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত করিবে এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকালে পরিবহন ব্যয়, ওভারহেড, মুনাফা, ঝুঁকি, ভৌগোলিক অবস্থান, জটিলতা (complexity), অনগ্রসরতা, জেলা সদর বা ক্রয় কার্যস্থল হইতে দূরত্ব, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্য সংযোজন কর (VAT) এবং অগ্রিম আয়করসহ (AIT) আনুষঙ্গিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করিবে।

(৫খ) উপ-বিধি (৫ক) এর অধীন প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক বা বার্ষিক ক্রয় পরিকল্পনায় উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হইতে অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান এবং অধিক না হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা অনুমোদনকারী কর্তৃপক্ষ (যদি অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের নিম্নে হন) কর্তৃক অনুমোদনপূর্বক সীমিত দরপত্র পদ্ধতিতে অভ্যন্তরীণ কার্য ক্রয়ের ক্ষেত্র ব্যতীত, অনুমোদনকারীসহ উপ-বিধি (৫ক) তে উল্লিখিত কমিটির সকল সদস্যের স্বাক্ষরযুক্ত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় সীলগালা করিয়া রাখিবে, যাহা দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট দরপত্র খোলার প্রাক্কালে হস্তান্তর করিবে এবং দরপত্র উন্মুক্তকরণ কমিটি দরপত্র উন্মুক্তকরণ সভায় দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ঘোষণাপূর্বক দরপত্র উন্মুক্তকরণ সীটে উহা লিপিবদ্ধ করিবে।";

(৫) বিধি ১৭ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (২ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২ক) প্যাকেজ বা, প্রযোজ্য ক্ষেত্রে, লটের ক্ষেত্রে দরপত্রদাতা শতকরা হারে মূল্যছাড় (discount) প্রদান করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, প্রদত্ত মূল্যছাড় (discount) প্যাকেজ বা লটের সকল আইটেমের উপর সমভাবে প্রযোজ্য হইবে:

আরও শর্ত থাকে যে, প্রদত্ত মূল্যছাড় (discount) দরপত্রের গাণিতিক ত্রুটি সংশোধনের পর বিবেচিত হইবে।";

(৬) বিধি ২১ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "বৈধতার মেয়াদ বৃদ্ধির" শব্দগুলির পরিবর্তে "বৈধতার মেয়াদ সর্বোচ্চ ২ (দুই) বার বৃদ্ধির" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ২২ এর—

(ক) উপ-বিধি (২) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে দরপত্রদাতা দেশীয় হইলে উক্ত দরপত্রদাতা দরপত্রের সহিত বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক গ্যারান্টি দাখিল করিতে পারিবে।";

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩ক) দরপত্রদাতা কর্তৃক দরপত্র জামানত প্রদত্ত হইবে।";

(৮) বিধি ২৭ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) ফ্রন্ট লোডিং এর কারণে দরপত্রে ভারসাম্যহীনতার সৃষ্টি হইয়াছে বলিয়া দরপত্র মূল্যায়ন কমিটির নিকট প্রতীয়মান হইলে, উক্ত কমিটি তফসিল-২ এ নির্দিষ্টকৃত কার্যসম্পাদন জামানতের পরিমাণ বৃদ্ধির জন্য ক্রয়কারীর নিকট সুপারিশ করিতে পারিবে এবং ক্রয়কারী উক্ত সুপারিশ অনুসারে কার্যসম্পাদন জামানত বৃদ্ধি করিবে।";

(খ) উপ-বিধি (৯) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি (১০) ও (১১) সংযোজিত হইবে, যথা:—

"(১০) পরামর্শক প্রতিষ্ঠান হইতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে, ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত হার অনুসরণপূর্বক, প্রয়োজন ও বাস্তবতার নিরিখে কার্য-সম্পাদন জামানত নির্ধারণক্রমে প্রস্তাব দলিলে উল্লিখিত নির্দিষ্ট হারে কার্য-সম্পাদন জামানত আরোপ করিতে পারিবে।

(১১) বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে ব্যক্তি পরামর্শকের উপর কার্যসম্পাদন জামানত আরোপ করা যাইবে না।";

(৯) বিধি ৩৬ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) অনুমোদনকারী কর্তৃপক্ষের জন্য ক্রয় প্রস্তাবের সঙ্গে—

(ক) ক্রয়কারী এই মর্মে ঘোষণা প্রদান করিবে যে, সংশ্লিষ্ট ক্রয়ের ক্ষেত্রে বিধি ১৬ এর উপ-বিধি (৫ক) অনুসরণে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত করা হইয়াছে; এবং

(খ) উপস্থাপিত মূল্যায়ন প্রতিবেদনে দরপত্র মূল্যায়ন কমিটি এই মর্মে ঘোষণা প্রদান করিবে যে, দরপত্র মূল্যায়নে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের সহিত সর্বনিম্ন মূল্যায়িত দর সামঞ্জস্যপূর্ণ কি না উহা যৌক্তিকতাসহ নিশ্চিত করা হইয়াছে।";

(১০) বিধি ৩৯ এর উপ-বিধি (২৭) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (২৭ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২৭ক) উপ-বিধি (২৭) এ যাহা কিছুই থাকুক না কেন, মূল চুক্তিতে উল্লিখিত প্রত্যাশিত সমাপ্তির তারিখ যুক্তিসঙ্গত কারণে সম্প্রসারণ করা হইলে বিলম্বজনিত ক্ষতিপূরণ আরোপযোগ্য হইবে না।";

(১১) বিধি ৪০ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি (৩ক) ও (৩খ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩ক) যদি ক্ষতিপূরণের কোন ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারি করা হয়, যাহার দরুন সরবরাহকারী কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির তারিখের মধ্যে সরবরাহ সমাপ্ত করা সম্ভব না হয়, সেই ক্ষেত্রে ক্রয়কারী তফসিল-২ এ বর্ণিত শতকরা হারের ভিত্তিতে প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির তারিখ সম্প্রসারিত করিবে।

(৩খ) প্রত্যাশিত সরবরাহের তারিখ সম্প্রসারণ করা হইবে কিনা এবং হইলে কত দিন হইবে ক্রয়কারী সেই বিষয়ে তফসিল-২ এ বর্ণিত সময়সীমার মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করিবে।";

(১২) বিধি ৪১ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি (২) ও (৩) সংযোজিত হইবে, যথা:—

"(২) যদি ক্ষতিপূরণের কোন ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারি করা হয়, যাহার দরুণ পরামর্শক কর্তৃক অতিরিক্ত ব্যয় নির্বাহ ব্যতিরেকে প্রত্যাশিত সেবা সমাপ্তির তারিখের মধ্যে সেবা সমাপ্ত করা সম্ভব না হয়, সেই ক্ষেত্রে ক্রয়কারী তফসিল- ২ এ বর্ণিত শতকরা হারের ভিত্তিতে প্রত্যাশিত সেবা সমাপ্তির তারিখ সম্প্রসারিত করিবে।

(৩) প্রত্যাশিত সেবা-সমাপ্তির তারিখ সম্প্রসারণ করা হইবে কিনা এবং হইলে কতদিন হইবে ক্রয়কারী সেই বিষয়ে তফসিল-২ এ বর্ণিত সময়সীমার মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করিবে।";

(১৩) বিধি ৪৮ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "২(দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩(তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৪) বিধি ৪৯ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর—

(ক) উপ-দফা (আ) এর প্রান্তস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) উপ-দফা (ই) এর প্রান্তস্থিত সেমিকোলনের পর "এবং" শব্দ সংযোজিত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন উপ-দফা (ঈ) সংযোজিত হইবে, যথা:—

"(ঈ) Tender capacity নিরূপণের লক্ষ্যে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি;";

(১৫) বিধি ৫২ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "২(দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩(তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১৬) বিধি ৬১ এর উপ-বিধি (৭) এ উল্লিখিত "তফসিল ৩ এর খ" শব্দগুলি, সংখ্যা ও বর্ণের পরিবর্তে "তফসিল-৩ এর অংশ-খ ও অংশ-খখ" শব্দগুলি, হাইফেনগুলি, সংখ্যা ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৭) বিধি ৭৬ এর উপ-বিধি (১) এর দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ছ) বিশেষ ক্ষেত্রে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরকারের নিজস্ব অর্থে ক্রয় করা হইলে;

ব্যাখ্যা: "সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানায় সংযোজিত ও উৎপাদিত পণ্য" বলিতে জাহাজে করিয়া ইতোমধ্যে অধিক পরিমাণে কোন বিভাজ্য পণ্য যেমন, খাদ্যশস্য, গম, চিনি, সার, ইত্যাদি বন্দরে আসিয়াছে, তাহা জরুরি প্যাকেটজাত করিবার লক্ষ্যে সরকারি মালিকানাধীন শিল্প ও কারখানা হইতে

সরকারের নিজস্ব অর্থে বস্তা ক্রয়, সরকারি কারখানা হইতে যানবাহন বা যন্ত্রপাতি মেরামত, সরকারি কারখানার বিদ্যমান সরঞ্জামাদি অন্য সরকারি কারখানা হইতে মেরামত, ১৫ সেপ্টেম্বর, ১৯৮৯/ ৩১ শে ভাদ্র ১৩১৬ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত শিল্প/স্বস-৩/পার-১১/৮৮/২৫৫ নং প্রজ্ঞাপন অনুযায়ী কর্পোরেশন, রাষ্ট্রায়ত্ব শিল্প প্রতিষ্ঠান/কারখানা এবং ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে সাব-কন্ট্রাকটিং ব্যবস্থাধীনের মাধ্যমে লিংকেজ স্থাপনপূর্বক ধাতব, প্লাষ্টিক, চীনামাটি প্রভৃতি হইতে প্রস্তুত যন্ত্রপাতি/যন্ত্রাংশ সংগ্রহের জন্য প্রণীত বিধিমালা ও জাতীয় শিল্পনীতি, ২০১০ এর নীতি ১৫.৪ এর (খ) এর আলোকে প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ বা যন্ত্রপাতির চাহিদা দেশীয় ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে পূরণ, ইত্যাদিকে বুঝাইবে;";

(১৮) বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঘ) দরপত্রদাতাকে দরপত্র, দরপত্র জামানত বা কার্য সম্পাদন জামানত যে সকল মুদ্রায় উদ্ধৃত করিবার অনুমতি প্রদান করা হইবে উহা দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে এবং দরপত্রে উদ্ধৃত উক্ত মুদ্রা বা মুদ্রাসমূহ উল্লেখ করিয়া চুক্তি সম্পাদন ও চুক্তি মূল্য পরিশোধ করিতে হইবে;";

(১৯) বিধি ৮৪ এর পর নিম্নরূপ চারটি নূতন বিধি ৮৪ক, ৮৪খ, ৮৪গ ও ৮৪ঘ সন্নিবেশিত হইবে, যথা:—

"**৮৪ক। এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত।**—(১) টার্ণ-কী চুক্তি বা বৃহদাকার প্লান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির (যথা-প্রক্রিয়াকরণ স্থাপনা সরবরাহ, স্থাপন এবং চালুকরণ বা বৃহদাকার কার্য বা যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত চুক্তি,ইত্যাদি) ক্ষেত্রে পূর্ণাঙ্গ কারিগরি বিনির্দেশ, কার্যের হিসাব সম্বলিত বিবরণ (Bill of Quantities) বা আবশ্যকীয় পণ্যের সরবরাহ সম্বলিত বিবরণ (Schedule of Requirement) ডিজাইন, ইত্যাদিসহ পূর্ণাঙ্গ দরপত্র দলিল প্রণয়ন করিতে ক্রয়কারী সক্ষম হইলে, তিনি ধারা ৩৪ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুসারে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে পারিবেন।

(২) এক ধাপ দুই খাম পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

**৮৪খ। এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।**—(১) ক্রয়কারী প্রত্যেক দরদাতাকে কারিগরি এবং আর্থিক প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত পৃথক পৃথক দুইটি খামে সীলগালা করিয়া অন্য একটি বহিঃস্থ খামে স্থাপন ও উক্ত বহিঃস্থ খাম পুনরায় সীলগালা করিয়া দরপত্র জমাদানের আহ্বান জানাইয়া বিজ্ঞাপন প্রকাশ করিবে।

(২) দরপত্রদাতাকে কারিগরি প্রস্তাবের সহিত বিজ্ঞাপনে বর্ণিত স্থির অংকে (rounded fixed amount) দরপত্র জামানত দাখিল করিবার জন্য আহ্বান জানাইতে হইবে।

(৩) এই বিধির অধীন আলোচ্য দরপত্র পদ্ধতির ক্ষেত্রে বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীনে উন্মুক্ত দরপত্র পদ্ধতির জন্য প্রদেয় সময় প্রযোজ্য হইবে।

৮৪গ। **এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে কারিগরি প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন।**—(১) উন্মুক্তকরণ কমিটি বিধি ৯৭ প্রতিপালনপূর্বক প্রথমে শুধুমাত্র কারিগরি প্রস্তাব দরপত্র দলিলে উল্লিখিত স্থানে ও সময়ে উন্মুক্ত করিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কারিগরি প্রস্তাব উন্মুক্তকরণের সময় উক্ত বিধির উপ-বিধি (৪) এর দফা (চ) এর উপ-দফা (ই), (ঈ), উপ-বিধি (৫) এবং তফসিল-৪ এর অংশ-ঘ এর Serial No. (15), (16) ও (24) প্রযোজ্য হইবে না।

(২) কারিগরি প্রস্তাব গৃহীত ও উন্মুক্ত করিবার পর কোন অবস্থাতেই কারিগরি প্রস্তাব সংশোধন বা পরিবর্তন করা যাইবে না।

(৩) বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরি যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (pass or fail) ভিত্তিতে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করিবে।

(৪) দরপত্র মূল্যায়ন কমিটি প্রত্যেক দরদাতার কারিগরি প্রস্তাব কারিগরি যোগ্যতার শর্তসমূহ পূরণ করে কি না উহা নিরূপণ করিবে এবং কারিগরি যোগ্যতার শর্তসমূহ পূরণ না করিলে উক্ত দরপত্র নন্-রেসপনসিভ বলিয়া বিবেচিত হইবে।

(৫) কারিগরি প্রস্তাবসমূহের মূল্যায়ন সমাপ্ত হইবার পর উক্ত মূল্যায়ন প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অনুমোদিত না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাবসমূহ ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করিবে।

**৮৪ঘ। এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন।**—(১) ক্রয়কারী কার্যালয়ের প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কারিগরি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর ক্রয়কারী কারিগরি মূল্যায়নে কৃতকার্য দরদাতাদেরকে আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণের স্থান; তারিখ ও সময় জানাইয়া প্রকাশ্যে উন্মুক্তকরণ সভায় উপস্থিত থাকিবার জন্য লিখিতভাবে অনুরোধ করিবে।

(২) দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরি মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করিবে।

(৩) দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্বাচন করিবে, তবে সেই ক্ষেত্রে স্থানীয় অগ্রাধিকারের বিধান প্রযোজ্য হইবে না।

(৪) ক্রয়কারী কৃতকার্য দরপত্রদাতার সহিত চুক্তি স্বাক্ষরের পর, কারিগরি প্রস্তাব মূল্যায়নে নন্‌-রেসপনসিভ বিবেচিত দরপত্রদাতাদের নন্‌-রেসপনসিভ হওয়ার বিষয়টি অবহিত করিবে এবং আর্থিক প্রস্তাব উন্মুক্ত না করিয়া ফেরত প্রদান করিবে।";

(২০) বিধি ৯০ এর উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) জাতীয় পর্যায়ে বিজ্ঞাপন প্রদানের অতিরিক্ত হিসাবে তফসিল ২ এ বর্ণিত মূল্যসীমার অভ্যন্তরীণ ক্রয়ের ক্ষেত্রে ঢাকার বাহিরে কার্যরত ক্রয়কারী, সরকারি মিডিয়া তালিকাভুক্ত বহুল প্রচারিত ১ (এক) টি আঞ্চলিক বা স্থানীয় দৈনিক সংবাদপত্রে ১ (এক) দিনের জন্য বিজ্ঞাপন প্রকাশ করিবে;";

(২১) বিধি ৯৭ এর উপ-বিধি (৪) এর দফা (চ) এর উপ-দফা (উ) এর প্রান্তস্থিত ''এবং'' শব্দটি বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন উপ-দফা (ঊ) সংযোজিত হইবে, যথা:—

"(ঊ) দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ও উহার পরিমাণ সম্পর্কিত তথ্য; এবং";

(২২) বিধি ৯৮ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ দুইটি নূতন উপ-বিধি (২) এবং (২ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) দরপত্র দলিলে উল্লিখিত মূল্যায়নের নির্ণায়কসমূহ ব্যতীত অন্য কোন নির্ণায়কের ভিত্তিতে কোন দরপত্র মূল্যায়ন করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে উপ-বিধি (৩১) ও (৩২) প্রয়োগের পূর্বে উপ-বিধি (২ক) তে বর্ণিত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণীয় হইবে।

(২ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে উপ-বিধি (৩১) ও (৩২) প্রয়োগের পূর্বে ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিলে চাহিত নির্ণায়কসমূহের অতিরিক্ত হিসাবে দরপত্রদাতার অতীত কার্যসম্পাদনের মান নির্ণয় ও মূল্যায়নে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে:

(ক) Litigation history তে বর্ণিত বিগত ৫ (পাঁচ) বৎসরে বিভিন্ন ক্রয়কারীর বিরুদ্ধে দরপত্রদাতা কতটি মামলা দায়ের করিয়াছিলেন এবং উহার মধ্যে কতটি মামলায় তিনি জয়ী হইয়াছেন উহার সংখ্যা উল্লেখ করিতে হইবে;

(খ) দরপত্রদাতা বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে বিভিন্ন ক্রয়কারী কর্তৃক দরপত্রে অংশগ্রহণে বারিত (debarred) হইয়াছিলেন কি-না, হইলে তাহার বিবরণ;

(গ) দরপত্রদাতার অসমর্থতার কারণে বিভিন্ন ক্রয়কারী কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরে কোন চুক্তি অসমাপ্ত অবস্থায় বাতিল হইয়াছিল কি-না, হইলে তাহার বিবরণ;

(ঘ) কোন চুক্তি বাস্তবায়নে দরপত্রদাতা যথাসময়ে কার্য সম্পাদন সমাপ্ত না করিবার কারণে বিগত ৫ (পাঁচ) বৎসরে কোন চুক্তির মূল্য সমাপ্তির সময় বর্ধিত করা হইয়াছিল কি-না, হইলে তাহার বিবরণ;

(ঙ) দরপত্রদাতা কর্তৃক কোন চুক্তি বাস্তবায়নকালে দরপত্রদাতার উপরে বিলম্বজনিত ক্ষতিপূরণ (liquidated damage) আরোপ করা হইয়াছিল কি-না, হইলে তাহার বিবরণ;

(চ) দরপত্রদাতা কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে সম্পাদিত কার্যসমূহের ত্রুটিজনিত দায় (defect liability) সার্টিফিকেট জমা প্রদান করিতে হইবে এবং কোন কারণে উক্ত ত্রুটিজনিত দায়ের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইয়াছিল কি-না, হইলে তাহার বিবরণ;

(ছ) দরপত্রদাতা বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কখনও দেউলিয়া বা ঋণগ্রস্ত (Insolvent or bankrupt) ছিল কি-না, হইলে তাহার বিবরণ;

(জ) দফা (ক) হইতে (ছ) তে বর্ণিত নির্ণায়কসমূহের পয়েন্ট বন্টন আদর্শ দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৩৩) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৩৩ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩৩ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে উপ-বিধি (২), (২ক), (৩১) ও (৩২) এর অধীন কৃতকার্য দরপত্রদাতা লটারীর মাধ্যমে নির্বাচন করা যাইবে না।";

(২৩) বিধি ৯৯ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর "প্রাক্কলিত" শব্দটির পূর্বে "দাপ্তরিক" শব্দটি সন্নিবেশিত হইবে;

(২৪) বিধি ১০৪ এর—

(ক) প্রারম্ভে উল্লিখিত "(১)" বন্ধনী ও সংখ্যাটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এর উপ-দফা (২) এর প্যারাগ্রাফ (ই) এর পর নিম্নরূপ নূতন প্যারাগ্রাফ (ঈ) সংযোজিত হইবে, যথা:

"(ঈ) যখন সরকারি মালিকানাধীন বা বিশেষায়িত কোন সেবা প্রদানকারী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান (যথা:- BUET, BIDS, BPATC, BIM, BIAM, ESCB, IIFC, ইত্যাদি)।";

(২৫) বিধি ১১০ এর উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৬ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৬ক) উপ-বিধি (৪) অনুযায়ী প্রক্রিয়া গ্রহণের মাধ্যমে সরকারি মালিকানাধীন বা বিশেষায়িত কোন সেবা প্রদানকারী যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান হইতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় করা যাইবে।";

(২৬) বিধি ১১৫ এর উপ-বিধি ৩ এর পর নিম্নরূপ একটি নূতন উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩ক) উপ-বিধি (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) প্রকল্পে Transaction Advisor নির্বাচনের ক্ষেত্রে প্রণীত সংক্ষিপ্ত তালিকায় আবেদনকারীর সংখ্যা উন্মুক্ত থাকিবে এবং সংক্ষিপ্ত তালিকার কার্যকারিতা উহা প্রণীত হইবার তারিখ হইতে ৩ (তিন) বৎসরের অধিক হইবে না।";

(২৭) বিধি ১১৭ এর উপ-বিধি (২৪) এর দফা (খ) এর প্রান্তস্থিত সেমিকোলনের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, গুণ এবং ব্যয়ের ক্ষেত্রে গুরুত্ব যথাক্রমে শতকরা ৯০ (নব্বই) এবং শতকরা ১০ (দশ) অনুপাত নির্ধারণ করিবার ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করিতে হইবে;";

(২৮) বিধি ১২৫ এর—

(ক) উপ-বিধি (২) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, উক্ত পরামর্শক আমন্ত্রণ প্রাপ্তির পর, প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয়কারীর অনুকূলে বিধি ২৭ এর উপ-বিধি (১০) অনুসারে জামানত প্রদানপূর্বক, প্রস্তাব দলিলে নির্দিষ্টকৃত চুক্তিপত্রের ছকে স্বাক্ষর করিবেন।";

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) ব্যক্তি পরামর্শককে প্রস্তাব জামানত দাখিল করিতে হইবে না।";

(২৯) বিধি ১২৭ এর—

(ক) উপান্তটীকার পরিবর্তে নিম্নরূপ উপান্তটীকা প্রতিস্থাপিত হইবে, যথা:—

"পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি";

(খ) উপ-বিধি (২) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ) "প্রতারণামূলক কার্য" অর্থে ক্রয় কার্যক্রম বা চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় কোন সিদ্ধান্তকে প্রভাবিত করিবার জন্য কোন ব্যক্তি কর্তৃক কোন মিথ্যা বিবৃতি প্রদান বা অসাধুভাবে কোন তথ্য গোপন করা বা চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করা বুঝাইবে;" ;

(গ) উপ-বিধি (৪) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ভবিষ্যতে তাহার এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে, উক্ত ক্রয় সরকারি তহবিল দ্বারা করা হইয়া থাকিলে, কোন নির্দিষ্ট মেয়াদ বা অনির্দিষ্ট মেয়াদের জন্য, অংশগ্রহণের অযোগ্য বলিয়া ঘোষণা করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি, ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক কর্তৃক চুক্তির কোন মৌলিক শর্ত ভঙ্গ করিবার কারণে ক্রয়কারী চুক্তি বাতিল করিলে, ক্রয়কারী নিজস্ব বিবেচনায় সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ (এক) বৎসর অথবা অনধিক ২ (দুই) বৎসরের জন্য ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর অনুমোদনক্রমে উক্ত ক্রয়কারীর এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করিতে পারিবে।";

(৩০) তফসিল-২ এর "বিধি" শিরোনামাধীন কলামে উল্লিখিত—

(ক) বিধি নং ৮(২) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত "১৫ (পনের)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "২০ (বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি নং ৮(১৫) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"মূল্যায়ন কমিটির সদস্য প্রতি ফি বা সম্মানী:**

**১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৯০০০ (নয় হাজার) টাকা;

**১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ২০০০ (দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা;

**১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা;

**১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন) টি সভার জন্য ১৮০০ (এক হাজার আটশত) টাকা;

**কারিগরি সাব-কমিটির সদস্য প্রতি ফি/সম্মানী:**

**১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার ) টাকা;

**১ (এক) কোটি টাকার উর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ২০০০ (দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ৪০০০ (চার হাজার) টাকা;

**১০ (দশ) লক্ষ টাকার উর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে ঃ**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ দুইটি সভার জন্য ২০০০ (দুই হাজার) টাকা;

**১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে:**

➢ প্রতি সভার জন্য সদস্য-প্রতি ৬০০ (ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) টি সভার জন্য ১২০০ (এক হাজার দুইশত) টাকা।" ;

(গ) বিধি নং "২২(১)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

**"সীমিত দরপত্র পদ্ধতিতে ঃ**

➢ ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত"

(ঘ) বিধি নং "২৭(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"ফ্রন্ট লোডিং এর ক্ষেত্রে কার্য-সম্পাদন জামানতের পরিমাণ:**

➢ চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% (শতকরা পঁচিশ ভাগ)।";

(ঙ) বিধি নং "২৭(২)" ও তদ্‌বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি নং, শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"২৭(১০) **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার ক্ষেত্রে:**

➢ চুক্তিমূল্যের সর্বাধিক ৩%-৫% (শতকরা তিন ভাগ হইতে পাঁচভাগ)।";

(চ) বিধি নং ৩৯ (৩৩) ও তদ্‌বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন বিধি নং, শিরোনাম ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"৪০ (৩) (ক) **ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির (Intended Completion Date) তারিখ সম্প্রসারণ:**

➢ সরবরাহ সমাপ্তির মূল সময়সীমা ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;

➢ সরবরাহ সমাপ্তির মূল সময়সীমা ২০% (শতকরা বিশ ভাগ) এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন প্রয়োজন হইবে।

৪০ (৩) (খ) ক্রয়কারী প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির (Intended Completion Date) সময়সীমা বর্ধিতকরণের সিদ্ধান্ত গ্রহণের সময়:

- ➢ সময় বর্ধিকরণের আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে।

৪১ (২) (ক) ক্রয়কারী কর্তৃক প্রত্যাশিত সেবা সমাপ্তির (Intended Completion Date) তারিখ সম্প্রসারণ:

- ➢ সেবা সমাপ্তির মূল সময়সীমা ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত;

সেবা সমাপ্তির মূল সময়মীমা ২০% (শতকরা বিশ ভাগ) পর্যন্ত এর অধিক হইলে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অনুমোদন প্রয়োজন হইবে।

৪১ (২) (খ) ক্রয়কারী প্রত্যাশিত সেবা সমাপ্তির (Intended Completion Date) সময়সীমা বর্ধিতকরণের সিদ্ধান্ত গ্রহণের সময়:

- ➢ সময় বর্ধিকরণের আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে।";

(ছ) বিধি নং ৫৮ (৪) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত "৩৫০০ (তিন হাজার পাঁচশত)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৫০০০ (পাঁচ হাজার)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) বিধি নং ৬৯ (১) এবং (৬) (ক) ও (গ) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"রাজস্ব বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে:

- ➢ পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৩ (তিন) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ১৫ (পনের) লক্ষ টাকা।
- ➢ কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৬ (ছয়) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা।

উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে:

- ➢ পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) লক্ষ টাকা।
- ➢ কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা; তবে বৎসরে সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা।";

(ঝ) বিধি নং "৭৬ (১) (ঞ) এবং (ট)" এবং তদ্‌বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও তদধীন এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ বিধি নং "৭৬ (১) (ঞ) এবং (ট)" এবং তদ্‌বিপরীতে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৭৬(১) **সরাসরি চুক্তি (direct contracting) এর আওতায় জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগে বা সংকট মোকাবেলায় পণ্য, কার্য ও সেবা ক্রয় ঃ**

(ঞ) ➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদনক্রমে বৎসরে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা।

(ট) অনুন্নয়ন বাজেট:

মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে:

- ➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের অনুমোদনক্রমে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা।

সংযুক্ত দপ্তর প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর)-এর ক্ষেত্রে:

- ➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ২ (দুই) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা।

বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ের অফিসের ক্ষেত্রে:

- ➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ১ (এক) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা।

জেলা পর্যায়ের অফিসের ক্ষেত্রে:

- ➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ২ (দুই) লক্ষ টাকা।

উন্নয়ন বাজেট:

মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে:

➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয় বা বিভাগের অনুমোদনক্রমে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা।

বিভাগ প্রধানের ক্ষেত্রে:

➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ২ (দুই) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা।

'ক'-শ্রেণীর প্রকল্প পরিচালকের ক্ষেত্রে:

➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ১ (এক) লক্ষ টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৫ (পাঁচ) লক্ষ টাকা।

'খ'-শ্রেণীর প্রকল্প পরিচালকের ক্ষেত্রে:

➢ প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা; তবে বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ২ (দুই) লক্ষ টাকা।";

(ঞ) বিধি নং ৮১ এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত শিরোনাম ও এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

"সরাসরি নগদ ক্রয়ের বাৎসরিক মোট পরিমাণ:

➢ প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা কিন্তু বৎসরে অনধিক ১০(দশ) লক্ষ টাকা।";

(ট) বিধি নং ৮২ এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত "২(দুই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩ (তিন)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঠ) বিধি নং ৮৮ (১) ও ৮৮ (২) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত "১৫ (পনের)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "২০ (বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি নং ৯০ (২) (গ) এবং তদ্‌বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে 'দুইবার উল্লিখিত' উল্লিখিত শিরোনাম ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ বিধি নং ৯০ (২) (গ) এবং তদ্‌বিপরীতে নিম্নরূপ শিরোনাম ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৯০ (২) (গ) **স্থানীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশঃ**


- দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার উর্ধ্বে।";

(চ) বিধি নং ১০৪ (ঘ) (২)(আ) এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামে উল্লিখিত "১০ (দশ)" ও "৫ (পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে, যথাক্রমে, "২০ (বিশ)" ও "১০ (দশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৩১) তফসিল-৩ এর "অংশ-খ" এর পর নিম্নরূপ একটি নূতন "অংশ-খখ" সন্নিবেশিত হইবে, যথাঃ-

"অংশ-খখ [বিধি ৬১(৭) দ্রঃ]

OPEN TENDERING METHOD(NCT WORKS)



(৩২) তফসিল-৭ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল-৭

[বিধি ৩৭(৩) দ্রঃ]

NOTIFICATION OF AWARD

(Goods or Works)

Contract No: Date:

To:

[Name of Contractor]

This is to notify you that your Tender dated [insert date] for the execution of the Works/for the supply of goods and related Services [delete as appropriate] for [name of Project/ Contract] for the Contract Price of Tk. [state amount in figures and in words] as corrected and modified in accordance with the Instructions to Tenderers, has been approved by [name of Procuring Entity].

You are thus requested to take following actions:

i. accept in writing the Notification of Award within seven (7) working days of its receiving pursuant to ITT sub-clause XX.

ii. furnish a Performance Security in the specified format and in the amount of Tk. [state amount in figures and words], within fourteen (14) days of issuance of this letter but not later than (specify date), in accordance with ITT clause XX.

iii. sign the Contract within twenty eight (28) days of issuance of this letter but not later than (specify date), in accordance with ITT clause XX.

You may proceed with the execution of the Works/ supply of Goods and related Services [delete as_appropriate] only upon completion of the above tasks. You may also please note that this Notification of Award shall constitute the formation of this contract which shall become binding upon you.

We attach the draft Contract and all other documents for your perusal and signature.

Signed

Duly authorized to sign for and or behalf of [name of Procuring Entity]

Date:

NOTE:

Tender Validity Date is critical to Notification of Award and fulfillment of subsequent obligations. ";

(৩৩) তফসিল-৯ এর অংশ-গ এর Article 4 এর পরিবর্তে নিম্নরূপ Article 4 প্রতিস্থাপিত হইবে, যথা:—

"4. For an assignment, the Local Consultants' payments will be in commensurate with the qualification and expertise depending on the current market price.";

(৩৪) তফসিল-১২ এর অংশ-ক ও অংশ-খ এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ অংশ-ক ও অংশ-খ প্রতিস্থাপিত হইবে,যথা:—

"অংশ-কঃ [ বিধি ৯৬ দ্রষ্টব্য]

**Tender Submission Form**

*[This letter shall be completed and signed by the Authorised Signatory preferably on the Letter-Head pad of the Tenderer].*

| | |
|---|---|
| To:<br>*[Contact Person]*<br>*[Name of Procuring Entity]*<br>*[Address of Procuring Entity]* | Date: |
| Invitation for Tender No: | *IFT No*____________ |
| Tender Package No: | *Package No*__________ |
| Lot No(*when applicable*) | *Lot No*____________ |

We, the undersigned, tender to supply in conformity with the Tender Document the following Goods and related services, viz:

| |
|---|
| |

In accordance with ITT Clauses xx and xx, the following price applies to our Tender:

| | |
|---|---|
| The Tender Price is:<br>(ITT Sub-Clause xx and xx) | *Tk.*____________<br>*[in figures]*<br>*Taka*____________<br>*[in words]* |
| The advance payment (when applicable) is:<br>*[insert the amount based on percentage of the Tender Price]*<br>(GCC Sub-Clause xx) | *Tk.*____________<br>*[in figures]*<br>*Taka*____________<br>*[in words]* |

and we shall accordingly submit an Advance Payment Guarantee in the format shown in Form **PG3 - 11.**

| |
|---|
| In accordance with ITT clause xx, the following discounts shall apply to our tender;<br>The unconditional discount proposed by the tenderer is: In percentage (%)<br>(ITT sub clause xx and xx)<br>(This discount shall be applicable on all the items of Price Schedule after Arithmetical Correction) |

| | |
|---|---|
| Mandatory Spare parts Price (*when Economic Factor applicable*) is: (ITT Sub-Clause 52.6) | *Tk.* *[in figures]* *Taka* *[in words]* |

In signing this letter, and in submitting our Tender, we also confirm that:

(a) our Tender shall be valid for the period stated in the Tender Data Sheet (ITT Sub-Clause 29.1) and it shall remain binding upon us and may be accepted at any time before the expiration of that period;

(b) a Tender Security is attached in the form of a *[Pay Order / Bank Draft / Bank Guarantee]* in the amount stated in the Tender Data Sheet (ITT Clause 31) and valid for a period of twenty-eight (28) days beyond the Tender Validity date;

(c) if our Tender is accepted, we commit to furnishing a Performance Security in the amount stated in the Tender Data Sheet (ITT Sub-Clause 62.1) in the form stated in Tender Data Sheet (ITT Sub-Clause 63.1) and valid for a period of twenty-eight (28) days beyond the date of completion of our performance obligations;

(d) we have examined and have no reservations to the Tender Document, issued by you on *[insert date]*;

including Addendum to Tender Documents No(s) [*state numbers*], issued in accordance with the Instructions to Tenderers (ITT Clause 11). *[ insert the number and issuing date of each Addendum; or delete this sentence if no Addendum have been issued]*;

(e) we, including as applicable, subcontractor for any part of the contract resulting from this Tender process, have nationalities from eligible countries, in accordance with ITT Sub-Clause 5.1;

(f) we are submitting this Tender as a sole Tenderer;

(g) we are not a Government owned entity as defined in ITT Sub-Clause 5.10 or we are a Government owned entity, and we meet the requirements of ITT Sub-Clause 5.10];

*(delete one of the above as appropriate)*

(h) we, declare that we are not associated, nor have been associated in the past, directly or indirectly, with a consultant or any other entity that has prepared the design, specifications and other documents, in accordance with ITT Sub Clause 5.6;

(i) we, including as applicable Subcontractor have not been declared ineligible by the Government of Bangladesh or the Development Partner, under the laws of Bangladesh or official regulations or by

an act of compliance with a decision of the United Nations Security Council on charges of engaging in corrupt, fraudulent, collusive,coercive (or obstructive in case of Development Partner) practices, in accordance with ITT Sub-Clause 5.9;

(j) furthermore, we are aware of ITT Sub-Clause 4.2 concerning such practices and pledge not to indulge in such practices in competing for or in executing the Contract;

(k) we intend to subcontract an activity or part of the Supply, in accordance with ITT Sub-Clause 16.1 to the following Subcontractor(s);

| Nature of the Supply or related service | Name and address of Subcontractor |
| --- | --- |

(l) we, confirm that we do not have a record of poor performance, such as abandoning the Supply, not properly completing contracts, inordinate delays, or financial failure as stated in ITT Sub-Clause 5.8, and that we do not have, or have had, any litigation against us, other than that stated in the Tenderer Information Sheet(Form PG3-2);

(m) we are not participating as Tenderers in more than one Tender in this Tendering process. We understand that your written Notification of Award shall become a binding Contract between us, until a formal Contract is prepared and executed;

(n) we understand that you reserve the right to accept or reject any Tender, to cancel the Tender proceedings, or to reject all Tenders, without incurring any liability to Tenderers, in accordance with ITT Clause 57.1.

| | |
| --- | --- |
| Signature: | *[insert signature of authorised representative of the Tenderer]* |
| Name: | *[insert full name of signatory with National ID]* |
| In the capacity of: | *[insert designation of signatory]* |

Duly authorised to sign the Tender for and on behalf of the Tenderer

*[If there is more than one (1) signatory add other boxes and sign accordingly].*

**Attachment 1**: Written confirmation authorising the above signatory (ies) to commit the Tenderer, in accordance with ITT Sub-Clause 36.3

অংশ-খ

## Tender Submission Form

*[This letter should be completed and signed by the Authorised Signatory on the Letter-Head Pad of the Tenderer]*

| | |
|---|---|
| To:<br>*[Contact Person]*<br>*[Name of the Procuring Entity]*<br>*[Address of the Procuring Entity]* | Date: |
| Invitation for Tender No: | *IFT No.* ________________ |
| Tender Package No: | *Package No.* ________________ |
| Lot No: (*when applicable*) | *Lot No.* ________________ |

We, the undersigned, tender to execute in conformity with the Tender Document, the following Works and physical services, viz:

| |
|---|
| |

In accordance with ITT Clause 27 and 28, the following price applies to our Tender:

| | |
|---|---|
| The Tender price is:<br>(ITT Sub-Clause xx) | Tk.________________<br>*[in figures]*<br>Taka________________<br>*[in figures]* |
| The advance payment (when applicable) is:<br>*[insert the amount based on percentage of the Tender Price]*<br>(GCC Sub-Clause xx) | Taka________________<br>*[in figures]*<br>Taka________________<br>*[in figures]* |

and we shall accordingly submit an Advance Payment Guarantee in the format shown in Form **PW3–10.**

| |
|---|
| In accordance with ITT clause xx, the following discounts shall apply to our tender;<br>The unconditional discount proposed by the tenderer is: In percentage (%)<br>(ITT sub-clause xx and xx)<br>This discount shall be applicable on all the items of BOQ after Arithmetical Correction) |

In signing this letter, and in submitting our Tender, we also confirm that:

(o) our Tender shall be valid for the period stated in the Tender Data Sheet (ITT Sub- Clause 33.1) and it shall remain binding upon us and may be accepted at any time before the expiration of that period;

(p) a Tender Security is attached in the form of a *[state Pay Order, Bank Draft, Bank Guarantee]* in the amount stated in the Tender Data Sheet (ITT Sub-Clause 36.1) and valid for a period of twenty-eight (28) days beyond the Tender Validity date;

(q) if our Tender is accepted, we commit to furnishing a Performance Security within the time stated under ITT Sub-Clause 66.2 in the amount stated in the Tender Data Sheet (ITT Sub-Clauses 65.1) and in the form specified in the Tender Data Sheet (ITT Sub- Clause 66.1) valid for a period of twenty-eight (28) days beyond the date of issue of the Completion Certificate of the Works;

(r) we have examined and have no reservations to the Tender Document, issued by you on *[insert date];* including Addendum to Tender Document No(s) [*state numbers*] , issued in accordance with the Instructions to Tenderers (ITT Clause 11). *[insert the number and issuing date of each addendum; or delete this sentence if no Addendum has been issued];*

(s) we, including as applicable, any JV partner or Subcontractor for any part of the contract resulting from this Tender process, have nationalities from eligible countries, in accordance with ITT Sub Clause 5.1;

*(t)* we are submitting this Tender as a sole Tenderer in accordance with ITT Sub Clause 40.3

*or*

we are submitting this Tender as the partners of a JV, comprising the following other partners in accordance with ITT Sub Clause 40.3;

| | Name of Partner | Location & District of Partner |
|---|---|---|
| 1 | | |
| 2 | | |
| 3 | | |
| 4 | | |

(u) *we are not a Government owned entity as defined in ITT Sub Clause 5.3*

*or*

*we are a Government owned entity, and we meet the requirements of ITT Sub Clause 5.3;*

(v) we, including as applicable any JV partner, declare that we are not associated, nor have been associated in the past, directly or indirectly, with a consultant or any other entity that has prepared the design, specifications and other documents

in accordance with ITT Sub-Clause 5.5;

(w) we, including as applicable any JV partner or Subcontractor for any part of the contract resulting from this Tender process, have not been declared ineligible by the Government of Bangladesh on charges of engaging in corrupt, fraudulent, collusive or coercive practices in accordance with ITT Sub-Clause 5.6;

(x) furthermore, we are aware of ITT Clause 4 concerning such practices and pledge not to indulge in such practices in competing for or in executing the Contract;

(y) we intend to subcontract an activity or part of the Works, in accordance with ITT Sub-Clause 19.1, to the following Subcontractor(s);

| Activity or part of the Works | Name of Subcontractor with Location and District |
|---|---|
| | |
| | |
| | |

(z) we, including as applicable any JV partner, confirm that we do not have a record of poor performance, such as abandoning the works, not properly completing contracts, inordinate delays, or financial failure as stated in ITT Clause 5.7, and that we do not have, or have had, any litigation against us, other than that stated in the Tenderer Information **(Form PW3-2)**;

(aa) we are not participating as Tenderer in more than one Tender in this Tendering process. We understand that your written Notification of Award shall constitute the acceptance of our Tender and shall become a binding Contract between us, until a formal Contract is prepared and executed;

(bb) we, including as applicable any JV partner, confirm that we do not have a record of insolvency, receivership, bankrupt or being wound up, our business activities were not been suspended, and it was not been the subject of legal proceedings in accordance with ITT Sub-Clause 5.8;

(cc) we, including as applicable any JV partner, confirm that we have fulfilled our obligations to pay taxes and social security contributions applicable under the relevant national laws and regulations of Bangladesh in accordance with ITT Sub-Clause 5.9;

(dd) we understand that you reserve the right to reject all the Tenders or annul the Tender proceedings, without incurring any liability to Tenderer, in accordance with ITT Clause 60.

| | |
|---|---|
| Signature: | *[insert signature of authorised representative of the Tenderer]* |
| Name: | *[insert full name of signatory with National ID Number]* |
| In the capacity of: | *[insert capacity of signatory]* |
| Duly authorised to sign the Tender for and on behalf of the Tenderer | |

*[If there is more than one (1) signatory, or in the case of a JV, add other boxes and sign accordingly].*

**Attachment 1**:
[ITT Sub-
Clause 40.3]
Written confirmation authorising the above signatory(ies) to commit the Tenderer
*[and, if applicable]*

**Attachment 2**:
[ITT Sub-Clause 29.2(b)]
Copy of the JV Agreement / Letter of Intent to form JV with draft proposed Agreement.";

(৩৫) তফসিল-১৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১৪ প্রস্থাপিত হইবে, যথা:—

"[তফসিল-১৪]

[বিধি ৩৬(৩)(ক)(অ)]

সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য ক্রয় প্রস্তাব প্রেরণের নমুনা ছক

[গোপনীয়]

---- কপির ------- ৩য় কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

-------------------------------- মন্ত্রণালয়/ বিভাগ

--------------------------------------------------

--------------------------------------------------

নং.................................. তারিখঃ

**সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার-সংক্ষেপ**

**বিষয়ঃ (ক্রয় পরিকল্পনা/দরপত্র বা প্রস্তাব আহ্বান/দরপত্র বা প্রস্তাব দলিল অনুযায়ী ক্রয়ের পূর্ণ নাম ও প্যাকেজ/লট নং)।**

১। সংস্থার নাম/ক্রয়কারীঃ

২। প্রকল্পের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :

৩। অর্থের উৎসঃ

৪। ক্রয়ের সংক্ষিপ্ত বিবরণ (Goods/Works/Services):

৫। ক্রয় পদ্ধতি (Procurement Method) এবং DPP তে অন্তর্ভুক্ত ক্রয় পরিকল্পনায় উল্লিখিত ক্রয় পদ্ধতির পরিবর্তন এবং একক কাজকে একাধিক প্যাকেজে বিভক্ত করা হইয়া থাকিলে ইহার যৌক্তিকতাসহ বিবরণঃ

৬। প্রযোজ্য ক্ষেত্রে প্রাক-যোগ্যতা (Pre-qualification) বা সংক্ষিপ্ত তালিকা (Short listing) বিষয়ে আবেদনপত্র আহ্বান থেকে তালিকা অনুমোদন/পুনঃআহ্বান (বিজ্ঞপ্তি প্রকাশ), দরপত্র/প্রস্তাব দলিল প্রদানের তারিখসহ বিবরণঃ (পত্রিকা/CPTU এর Website এ প্রকাশের কপি সংযুক্ত করিতে হইবে)।

৭। দরপত্র/প্রস্তাব আহ্বান, প্রাক-দরপত্র/ প্রস্তাব বৈঠক, দরপত্র/প্রস্তাব গ্রহণ, উন্মুক্তকরণ ইত্যাদির তারিখ ও সময়সহ বিবরণঃ (দরপত্র/প্রস্তাব আহ্বানের/পুনঃ আহ্বানের পত্রিকা এবং CPTU এর Website এ প্রকাশের কপি সংযুক্ত করিতে হইবে)।

৮। অভ্যন্তরীণ ক্রয়ে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতির প্রয়োগ বিধি-৬৮ ক এবং আন্তর্জাতিক ক্রয়ে বিধি-৮৪ক তে বর্ণিত ক্ষেত্রসমূহের ব্যত্যয় ঘটানো হইলে ইহার পূর্ণাংগ ব্যাখ্যা প্রদানঃ

৯। আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের ক্ষেত্রে দেশীয় অগ্রাধিকার (Domestic Preference) প্রদান করা না হইয়া থাকিলে CCEA'র অনুমোদন সংক্রান্ত তথ্য;

১০। ১৮ মাসের বেশি সময়ে কার্যচুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে Price Adjustment আরোপ না করা হইয়া থাকিলে যৌক্তিকতা (উল্লেখ্য, পরামর্শকের ক্ষেত্রে Price Adjustment কেবল Remuneration উপর প্রযোজ্য):

১১। দরদাতার যোগ্যতা নিরূপণের ক্ষেত্রে দরপত্র দলিলে প্রদত্ত Tender Capacity, Front Loading এবং Post qualification এর বিষয়গুলি মূল্যায়নে বিবেচনা করা হইয়াছে কিনা তাহার বিবরণ;

১২। অভ্যন্তরীণ কার্যক্রয়ের ক্ষেত্রে OTM ব্যবহার করা হইলে Official Cost Estimate এর ১০% এর অধিক কম বা অধিক বেশি দর উদ্বৃত করার ক্ষেত্রে দরপত্র মূল্যে সমতার সৃষ্টি হইলে বিধি-৯৮(২)(ক) অনুযায়ী মূল্যায়ন এবং একটি ছকে তুলনামূলক চিত্র প্রদান করিতে হইবেঃ

১৩। বিধি-১৬(৫ ক) অনুযায়ী Official Cost Estimate প্রণয়ন করা হইয়াছে কিনা, দরপত্র খোলার সময় সকল সদস্যের স্বাক্ষরিত Official Cost Estimate উন্মুক্ত করা হইয়াছে কিনা, মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত মূল্য Official Cost Estimate এর সহিত সংগতিপূর্ণ আছে কিনা এ বিষয়ে তথ্য এবং যৌথভাবে সার্টিফিকেট প্রদান;

১৪। বুদ্ধিভিত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ে গুণ এবং ব্যয়ের ক্ষেত্রে গুরুত্ব যথাক্রমে শতকরা ৯০ এবং ১০ অনুপাত নির্ধারণের ক্ষেত্রে CCEA'র অনুমোদন সংক্রান্ত তথ্য;

১৫। পরামর্শক নিয়োগের ক্ষেত্রে Draft initialed Contract প্রস্তাবের সাথে সংযোজন এবং ইহাতে RFP/TOR এর কোন ব্যত্যয় থাকিলে সে বিষয়ে ব্যাখ্যা প্রদানঃ

১৬। আন্তর্জাতিক দরপত্রের আওতায় পণ্য ক্রয় এবং পরামর্শক নিয়োগের ক্ষেত্রে VAT/AIT সহ যথা নিয়মে চুক্তিমূল্য নির্ধারণ সহ প্রস্তাব প্রেরণঃ

১৭। দরপত্র/প্রস্তাব মূল্যায়ন শুরুর তারিখ, প্রতিবেদন দাখিলের তারিখ, দরপত্র/প্রস্তাবের বৈধতার মূল মেয়াদ এবং মেয়াদ বৃদ্ধির তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত দরপত্রদাতার সম্মতি পত্র (সংযুক্তিসহ) এবং কাজটি কবে শুরু হইবে ও কবে শেষ হইবে ইত্যাদি সহ বিবরণঃ

১৮। দরপত্র/প্রস্তাবের মূল্যায়ন সম্পর্কিত মতামতসহ বিবরণঃ (মূল্যায়ন প্রতিবেদনের কপি, মূল্যায়ন কমিটির গঠন, সকল দরদাতা/প্রস্তাবদাতার প্যাকেজ/লট ইত্যাদি ভিত্তিক গ্রহণযোগ্য/ অগ্রহণযোগ্য হওয়ার কারণসহ তুলনামূলক বিবরণী এবং মূল্যায়ন কমিটির সদস্যদের একক ও পৃথকভাবে সার্টিফিকেট প্রদান ইত্যাদি সংযুক্তি প্রদান করিতে হইবে)।

১৯। টেন্ডার ডকুমেন্ট এর Qualification Criteria এর আওতায় প্রদত্ত General experience, Similar experience, Litigation history, Turn over (কার্য ক্রয়ের ক্ষেত্রে), Liquid assets (Working Capital), Joint venture সংক্রান্ত চুক্তি সম্পর্কিত তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে ), Tender Capacity যথাযথভাবে আছে কি-না ইহার বিবরণ প্রদানঃ

২০। প্রযোজ্য ক্ষেত্রে মূল্যায়ন কমিটির ভিন্নমত পোষণকারী সদস্যের ভিন্নমতের কারণসহ বর্ণনা (note of dissent) এর কপি সংযুক্ত করিতে হইবে):

২১। বৈদেশিক উৎসের অর্থায়নে ক্রয় হইলে উন্নয়ন সহযোগীর সম্মতিপত্রের সংযুক্তিসহ বিবরণঃ (প্রাকযোগ্যতা/Short listing/Technical Proposal/ক্রয় প্রস্তাব ইত্যাদির উপর সম্মতি পত্র সংযুক্তি প্রদান করিতে হইবে):

২২। মূল্যায়ন কমিটির সুস্পষ্ট সুপারিশের বিবরণ (TEC/PEC কর্তৃক Post qualification সম্পর্কিত বিবরণসহ);

২৩। ইতিপূর্বে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আলোচ্য প্যাকেজটি উপস্থাপিত হইয়া থাকিলে পূর্বের সিদ্ধান্ত ও সেই অনুযায়ী গৃহীত ব্যবস্থাবলীর বিবরণঃ

২৪। আলোচ্য ক্রয়ের বিষয়ে কোন অভিযোগ ও আপীল হইয়া থাকিলে ইহার বিবরণ ও সর্বশেষ অবস্থা

২৫। মন্ত্রণালয়/বিভাগের মতামতসহ (মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক) সার্টিফিকেটঃ

২৬। আন্তর্জাতিক দরপত্র/প্রস্তাবের ক্ষেত্রে যে যে মুদ্রায় দরপত্র/দরপ্রস্তাব মূল্য উদ্বৃত করা হইয়াছে সে সে মুদ্রায় চুক্তিমূল্য অনুমোদন ও অর্থ প্রদানের প্রস্তাব প্রেরণঃ

২৭। ক্রয়ের সার্বিক বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে পরিমাণগত দিক ও বাস্তবায়ন সময়সহ) এবং সম্পাদিতব্য চুক্তিকৃত মূল্যের বিভাজন (যথাঃ ভ্যাট, ট্যাক্স, আইটি ইত্যাদি) ও চুক্তির বাস্তবায়নকালীন সময়সহ সার্বিক বিবেচনায় মন্ত্রণালয়ের সুস্পষ্ট সুপারিশঃ

২৮। সার-সংক্ষেপের উপর মাননীয় মন্ত্রীর অনুমোদন এবং সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপনে সম্মতি আছে মর্মে উল্লেখ।

মন্ত্রণালয়/বিভাগের সচিব
নাম, পদবী এবং স্বাক্ষর।

[নোটঃ (১) সার-সংক্ষেপের বিবরণ অনুচ্ছেদ আকারে হইবে, কোন শিরোনাম বা উপ-শিরোনাম দেওয়া যাইবে না।

(২) মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক প্রাসঙ্গিক বিবেচিত হইলে অন্য যে কোন তথ্যাবলী সংশ্লিষ্ট অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করা যাইবে।]"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৬৫-আইন/২০১৮।---পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৭০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:----

উপরি-উক্ত বিধিমালার---

(১) বিধি ৬৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬৩ প্রতিস্থাপিত হইবে, যথা :---

"৬৩। সীমিত দরপত্র পদ্ধতির প্রয়োগ।---(১) নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ করিয়া ক্রয়কার্য সম্পন্ন করিতে পারিবে, যথা:---

(ক) যে সকল ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা তাহাদের বিশেষ বৈশিষ্ট্যের কারণে কেবল সীমিত সংখ্যক যোগ্যতাসম্পন্ন সম্ভাব্য সরবরাহকারী বা ঠিকাদারেরর নিকট হইতে প্রাপ্তিসাধ্য (যথা-বিমান, রেল ইঞ্জিন, বিশেষায়িত চিকিৎসা সরঞ্জাম, গর্ভনিরোধক সামগ্রী, টেলি-যোগাযোগ সরঞ্জামাদি, খাদ্য-গুদাম, বন্দর, পোতাশ্রয়, ইত্যাদি); বা


মূল্য : টাকা ১২.০০

(খ) জরুরী প্রয়োজনে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নহে বলিয়া প্রতীয়মান হইলেঃ

তবে শর্ত থাকে যে, যে পরিস্থিতির কারণে বর্ণিত জরুরী অবস্থার উদ্ভব হইয়াছে, ক্রয়কারী কর্তৃক উহার পূর্বানুমান করা সম্ভব ছিল না অথবা ক্রয়কারীর দীর্ঘসূত্রতার কারণেও উহা সূচিত হয় নাই; বা

(গ) যে সকল ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস এবং খুচরা যন্ত্রাংশের মজুদ সীমিতকরণের লক্ষ্যে সরকার নির্দিষ্ট কতিপয় ব্রান্ডের (যথা-কম্পিউটার, গবেষণাগারের যন্ত্রপাতি, গবেষণা যন্ত্রপাতি, ইত্যাদি) প্রমিতকরণ সংক্রান্ত নীতিমালা প্রবর্তন করিয়াছে; বা

(ঘ) দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের সম্ভাব্য চুক্তি মূল্যের তুলনায় অসমঞ্জস হইলে, ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহ্বান করিতে পারিবে।

(২) মূল্যায়িত সর্বনিম্ন দর যদি উপ-বিধি ১ এর দফা (ঘ) এ বর্ণিত মূল্যসীমার অধিক হয়, তাহা হইলে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হইতে উক্ত ক্ষেত্রে চুক্তি সম্পাদনের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) বর্ণিত পদ্ধতির অধীন দরপত্র জামানত প্রদান ও অনুমিত রক্ষণযোগ্য অর্থ বাধ্যতামূলক করা যাইবে না, তবে তফসিল-২ এ বিধি ২৭ (১) এর বিপরীতে বর্ণিত হারে কার্যসম্পাদন জামানত গ্রহণ করিতে হইবে।";

(২) বিধি ৬৪ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "সরবরাহকারীর" এবং "সরবরাহকারীদের" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "সরবরাহকারীর বা ঠিকাদারের" এবং "সরবরাহকারীদের বা ঠিকাদারদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর "বিধি ৬৩(২)" শব্দ, সংখ্যাগুলি এবং বন্ধনীর পরিবর্তে "বিধি ৬৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ)" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৬) এর "বিধি ৬৩(২)" শব্দ, সংখ্যাগুলি এবং বন্ধনীর পরিবর্তে "বিধি ৬৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ)" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও অক্ষর প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৭৬ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৫) ভৌত সেবা প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তি, সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণপূর্বক, বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্বল্পতর সময়ের জন্য বৃদ্ধি করা যাইবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীকে কার্যাদেশ প্রদান করা হইয়া থাকে এবং ইতঃপূর্বেকার চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়।";

(৪) বিধি ৯৮ এর—

(ক) উপ-বিধি (২) ও (২ক) এর পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ উপ-বিধি (২) ও (২ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) দরপত্র দলিলে উল্লিখিত মূল্যায়নের নির্ণায়কসমূহ ব্যতীত অন্য কোন নির্ণায়কের ভিত্তিতে কোন দরপত্র মূল্যায়ন করা যাইবে না এবং দরপত্র বা প্রস্তাব দাখিল হইতে চুক্তি স্বাক্ষর পর্যন্ত সময়ের কোন পর্যায়েই দাখিলকৃত দরপত্রদাতার নাম পরিবর্তন করা যাইবে না।

(২ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রয়ে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে উপ-বিধি (৩১) ও (৩২) এর বিধান প্রয়োগের পূর্বে ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিলে উল্লিখিত নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে, যথা :—

(ক) দরপত্রদাতা কেবল সংশ্লিষ্ট ক্রয়কারী সংস্থার আওতায় বিগত ৫ (পাঁচ) বৎসরে কতগুলি চুক্তির সফল বাস্তবায়ন করিয়াছেন উহার সংখ্যা ও বিবরণ;

(খ) দফা (ক) এর অধীন বাস্তবায়িত চুক্তিসূহের মোট চুক্তিমূল্য;

(গ) Tender Capacity-এর ভিত্তিতে সংশ্লিষ্ট এবং অন্যান্য সকল ক্রয়কারীর সহিত চলমান (on-going) এবং প্রতিশ্রুত (committed) কাজের আর্থিক মূল্য;

(ঘ) উপরিউক্ত দফা (ক), (খ) ও (গ) তে বর্ণিত বিষয়সমূহের পয়েন্ট বন্টন আদর্শ দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) গ্রুপ-খ ভুক্ত দরপত্রসমূহের উদ্ধৃত পণ্যের দর দরপত্র দলিলের বর্ণনা মোতাবেক Carriage & Insurance Paid to (CIP) বা Cost, Insurance & Freight (CIF) ভিত্তিতে উল্লেখ করিতে হইবে, যাহাতে ইতোমধ্যে প্রদত্ত বা প্রদেয় শুল্ক বা অন্যান্য আমদানী কর অন্তর্ভুক্ত হইবে না;";

(৫) বিধি ১১২ এর উপ-বিধি (১০) ও উপ-বিধি (১১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১০) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১০) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী কার্যালয় প্রধানের পূর্বানুমোদন সাপেক্ষে আগ্রহব্যক্তকরণপত্র আহ্বান ব্যতিরেকে ব্যক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ করা যাইবে, যদি—

(ক) কাজটি পূর্ব কাজের ধারাবাহিকতায় হয়; বা

(খ) কাজের সময় অনধিক ৬ (ছয়) মাসের হয়; বা

(গ) প্রাকৃতিক দুর্যোগের কারণে জরুরীভিত্তিতে কাজ সম্পাদনের প্রয়োজন হয়; বা

(ঘ) সংশ্লিষ্ট ব্যক্তিই কাজের ক্ষেত্রে একমাত্র যোগ্য পরামর্শক বিবেচিত হন :

তবে শর্ত থাকে যে, দফা (খ) ও (গ) এ উল্লিখিত কাজে পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আগ্রহী পরামর্শকগণের মধ্য হইতে অন্যূন ৩ (তিন) জনের জীবন-বৃত্তান্ত সংগ্রহপূর্বক তাহাদের শিক্ষাগত যোগ্যতা ও কর্ম-অভিজ্ঞতা বিবেচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।";

(৬) তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"তফসিল-১

[বিধি-৪(১) দ্রঃ]

পণ্য, কার্য, সেবা, ইত্যাদি ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা

টেবিল-১

(পণ্য ও সংশ্লিষ্ট সেবা)

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ)। |
| ২। | পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত)। |
| ৩। | পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ২৫.০০ লক্ষ এর ঊর্ধ্বে যে কোন মূল্যমানের)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪। | পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোন মূল্যমানের)। |
| ৫। | পিজি ৫এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্ণ-কি চুক্তির আওতায়" এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)]। |
| ৬। | পিজি ৫বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের জন্য দরপত্র দলিল (STD) ["টার্ণ-কি চুক্তির আওতায়" দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে (যে কোন মূল্যমানের)]। |
| ৭। | পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ) (যে কোন মূল্যমানের)। |
| ৮। | পিজি ৭এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে ফ্রেমওয়ার্ক দরপত্র দলিল (STD) [নির্দিষ্ট সময় অন্তর সচরাচর ব্যবহৃত সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের লক্ষ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন (যে কোন মূল্যমানের)]। |
| ৯। | পিজি ৭বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে ফ্রেমওয়ার্ক দরপত্র দলিল (STD) [নির্দিষ্ট সময় অন্তর সচরাচর ব্যবহৃত সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের লক্ষ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন (২৫ লক্ষ টাকা পর্যন্ত)]। |
| ১০। | পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির উর্ধ্বে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরি (custom designed equipment) (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) প্রাক- যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (PQG)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১১। | এসএএফ ই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-A) (টাকা ২৫.০০ লক্ষ পর্যন্ত)। |
| ১২। | পিজি ৮ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | আইটি ইকুইপমেন্ট, ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার সংগ্রহের ক্ষেত্রে দরপত্র দলিল (STD)। |

টেবিল-২
(কার্য ও ভৌত সেবা)

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিডব্লিউ ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য দলিল (SRFQ)। |
| ২। | পিডব্লিউ ২এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ৩। | পিডব্লিউ ২বি | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ৪। | পিডব্লিউ ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) : প্রাক যোগ্যতা নির্ধারণ ব্যতীত। (টাকা ৩.০০ কোটি এর উর্ধ্বে যে কোন মূল্যমানের)। |
| ৫। | পিকিউডব্লিউ ৪ | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD)। |
| ৬। | পিডব্লিউ ৫ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে নির্মাণ কার্য অথবা স্থাপনার নকশা তৈরি ও অবকাঠামো নির্মাণ অথবা ব্যবস্থাপনা চুক্তির ক্ষেত্রে (টাকা ৩৫.০০ কোটি এর উর্ধ্বে) এবং রক্ষণাবেক্ষণ কার্যের ক্ষেত্রে (টাকা ৩.৫০ কোটির উর্ধ্বে) দরপত্র দলিল (STD)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৭। | পিকিউডব্লিউ ৬ | আন্তর্জাতিক ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে প্রাক-যোগ্যতা নির্ধারণের জন্য দলিল (SPD) (টাকা ৩৫.০০ কোটি এর ঊর্ধ্বে)। |
| ৮। | পিডব্লিউ ৭ | আন্তর্জাতিক ক্রয় | বৃহৎ এবং জটিল কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (টাকা ৩৫.০০ কোটি এর ঊর্ধ্বে)। |
| ৯। | এসএএফই-বি | অভ্যন্তরীণ ক্রয় | কার্য সম্পাদনের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আবেদন ছক (SAFE-B) (টাকা ৩.০০ কোটি পর্যন্ত)। |
| ১০। | পিডব্লিউ ৩এ | অভ্যন্তরীণ ক্রয় | একধাপ দুই খাম দরপত্র পদ্ধতির মাধ্যমে কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোনো মূল্যমানের)। |
| ১১। | পিডব্লিউ ৭এ | আন্তর্জাতিক ক্রয় | একধাপ দুই খাম দরপত্র পদ্ধতির মাধ্যমে কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র দলিল (STD) (যে কোনো মূল্যমানের)। |

টেবিল-৩

(বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ও পরামর্শক সেবাবিহীন সেবা)

| ক্রমিক নং | কোড নাম | উৎস | ক্রয় পদ্ধতি, ধরন ও আর্থিক সীমা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | পিএস ১ | অভ্যন্তরীণ ক্রয় | সামাজিক সেবামূলক (Community Services) সংগঠন নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)। |
| ২। | পিএস ২ | অভ্যন্তরীণ ক্রয় | এনজিও নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP)। |
| ৩। | পিএস ৩ | অভ্যন্তরীণ ক্রয় | থোক চুক্তি (Lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৪। | পিএস ৪ | অভ্যন্তরীণ ক্রয় | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরাধ সম্বলিত দলিল (SRFA)। |
| ৫। | পিএস ৫ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি পর্যন্ত)। |
| ৬। | পিএস ৬ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (simple ও সময়ভিত্তিক টাকা ১.০০ কোটি পর্যন্ত)। |
| ৭। | পিএস ৭ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও থোক চুক্তি টাকা ১.০০ কোটি এর ঊর্ধ্বে)। |
| ৮। | পিএস ৮ | অভ্যন্তরীণ ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (জটিল ও সময়ভিত্তিক চুক্তি টাকা ১.০০ কোটি এর ঊর্ধ্বে)। |
| ৯। | পিএস ৯ | আন্তর্জাতিক ক্রয় | থোক চুক্তি (Lump-sum) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |
| ১০। | পিএস ১০ | আন্তর্জাতিক ক্রয় | সময়ভিত্তিক (Time based) ব্যক্তি পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে আবেদন দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFA)। |
| ১১। | পিএস ১১ | আন্তর্জাতিক ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (থোক চুক্তি-যে কোনো মূল্যমানের)। |
| ১২। | পিএস ১২ | আন্তর্জাতিক ক্রয় | পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (সময়ভিত্তিক চুক্তি-যে কোনো মূল্যমানের)। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ১৩। | পিএসএন | অভ্যন্তরীণ ক্রয় | ভৌত সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) যে কোনো মূল্যমানের)। |
| ১৪। | পিএস ১৩ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | এ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট এর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (SRFP) (যে কোনো মূল্যমানের)। |

টেবিল-৪
(মূল্যায়ন)

| ক্রমিক নং | কোড নাম | বিষয় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ইভিজি | পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ২। | ইভিডব্লিউ | কার্য সম্পাদনের ক্ষেত্রে দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ৩। | ইভিএস | পরামর্শক সেবা গ্রহণের ক্ষেত্রে প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত ছক ও নির্দেশাবলী। |
| ৪। | পিপিপিআর | ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ (Procedure for Procurement Post Review) পদ্ধতি। |

(৭) তফসিল-২ এর "বিধি" শিরোনামাধীন কলামে উল্লিখিত—

(ক) বিধি নং "৮(১) ও ৮(৮)" এর পরিবর্তে বিধি নং "৮(১)" প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি নং "৮(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের—

(অ) উপ-শিরোনাম "স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি" এর—

(১) "স্বল্প-ক্রয়ের" শব্দগুলির পরিবর্তে "স্বল্প মূল্যের ক্রয়ের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) অধীন বিদ্যমান এন্ট্রিতে উল্লিখিত "কমপক্ষে" শব্দ বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ দ্বিতীয় এন্ট্রি সংযোজিত হইবে, যথা :—

"> মূল্যায়নের ক্ষেত্রে ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে উক্ত সদস্যদের স্বাক্ষর আবশ্যক হইবে।";

(আ) উপ-শিরোনাম "পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা" এর অধীন বিদ্যমান চতুর্থ এন্ট্রিতে উল্লিখিত "জাতীয় পতাকাবাহী বাহন ও" শব্দগুলি বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ পঞ্চম এন্ট্রি সংযোজিত হইবে, যথাঃ—

"> বাংলাদেশের বাহিরে জাতীয় পতাকাবাহী বাহনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়।";

(ই) উপ-শিরোনাম "কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা" এর অধীন বিদ্যমান প্রথম এন্ট্রিতে উল্লিখিত "৫০ (পঞ্চাশ) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩ (তিন) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) উপ-শিরোনাম "সেবাসমূহের মূল্যসীমা" এর অধীন বিদ্যমান তৃতীয় এন্ট্রি বিলুপ্ত হইবে;

(গ) বিধি নং "৬৩(২)" এর পরিবর্তে বিধি নং "৬৩(১)(ঘ)" প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি নং "৬৩(২)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে সীমিত দরপত্র পদ্ধতির অধীনে ক্রয়ের ক্ষেত্রে মূল্যসীমা" এর অধীন বিদ্যমান দ্বিতীয় এন্ট্রিতে উল্লিখিত "২ (দুই) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩ (তিন) কোটি" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি নং "৬৪(৫)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "সীমিত দরপত্র পদ্ধতির আওতায় সরাসরি দরপত্র আহ্বান অথবা পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে দরপত্র প্রণয়ন ও দাখিলের সময়" এর অধীন বিদ্যমান তৃতীয় এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ তৃতীয় এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"> বিধি ৬৩(১)(খ) অনুযায়ী ন্যূনতম ৭ (সাত) দিন ;";

(চ) বিধি নং "১০২(১১)" এর বিপরীতে "সময়, মূল্য, ইত্যাদি" শিরোনামাধীন কলামের উপ-শিরোনাম "কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি স্বাক্ষরের সময় সীমা" এর অধীন বিদ্যমান দ্বিতীয় এন্ট্রির পর নিম্নরূপ তৃতীয় এন্ট্রি সংযোজিত হইবে, যথা :—

"> সীমিত দরপত্রের ক্ষেত্রে চুক্তি সম্পাদন নোটিশ জারির তারিখ হইতে ১৪ ( চৌদ্দ) দিনের মধ্যে।"।

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার পূর্বে উপরি-উক্ত বিধিমালার অধীন গৃহীত বা সূচিত কোনো কার্যক্রম চলমান বা অনিষ্পন্ন থাকিলে, উহা এমনভাবে অব্যাহত থাকিবে বা নিষ্পন্ন করিতে হইবে যেন এই প্রজ্ঞাপন কার্যকর হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**

সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd